


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

মঙ্গলবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৩ আষাঢ় ১৪৩০ ॥ ০৮ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৭ জুন ২০২৩






## স্পিকারের সাথে জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি'র সৌজন্য সাক্ষাৎ

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শার-মিন চৌধুরীর সাথে গতকাল তার সংসদ ভবনের কার্যালয়ে ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি সৌজন্য সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা স্পিকারের নেতৃত্বে বাংলাদেশের সংসদীয় প্রতিনিধিদলের সাম্প্রতিক জাপান সফর, বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার, বাংলাদেশে জাপানের বিনিয়োগ বৃদ্ধি, সংসদীয় মৈত্রী গ্রুপের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, স্বাধীনতার পর থেকেই জাপান বাংলাদেশের অকৃত্রিম ২-এর পাতায় দেখুন

## বিচার বিভাগের গতি বাড়াতে নতুন বিচারক নিয়োগ দেওয়া হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক :** বিচার বিভাগের গতি বাড়াতে নতুন বিচারক নিয়োগ দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন প্রধান বিচারপতি হাসান ফয়েস সিদ্দিকী। গতকাল সোমবার দুপুরে মানিকগঞ্জে বিচার বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় ২-এর পাতায় দেখুন



## রাজনৈতিক কর্মী আর সন্ত্রাসী গুলিয়ে ফেলেছেন বিএনপি নেতারা

**নিজস্ব প্রতিবেদক :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপি নেতাদের সবচেয়ে বড় দুর্বলতা হচ্ছে যে, তারা রাজনৈতিক কর্মী আর সন্ত্রাসী গুলিয়ে ফেলেছেন। তিনি ২-এর পাতায় দেখুন



## ঈদযাত্রায় সড়কে ২৪ ঘণ্টা সক্রিয় থাকবে পুলিশ

**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আজহা উপলক্ষে ঘরেফেরা মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ও নির্ধারিত সময়ে গমন নিশ্চিত করতে ২৪ ঘণ্টা সড়কে থাকবে ডিআইজি, অতিরিক্ত ডিআইজি, পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার, ওসিসহ ঊর্ধ্বতন পুলিশ ২-এর পাতায় দেখুন



# সংসদে ২০২৩-২৪ অর্থবছরের ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকার বাজেট পাস

**নিজস্ব প্রতিবেদক :** বৈশ্বিক মহামারি করোনা (কভিড-১৯) পরবর্তী অর্থনৈতিক পরিস্থিতি এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বৈশ্বিক মন্দা সফলভাবে মোকাবলা করে চলমান উন্নয়ন বজায় রাখা ও উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সামনে রেখে ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকার বাজেট আজ জাতীয় সংসদে পাস হয়েছে।



অর্থমন্ত্রী আ. হ. ম মুস্তফা কামাল গত ১ জুন জাতীয় সংসদে 'উন্নয়নের অভিযাত্রায় দেড় দশক পেরিয়ে স্মার্ট বাংলাদেশের অগ্রযাত্রা' শ্লোগান সম্বলিত এ বাজেট পেশ করেন।

আজ বাজেট পাসের প্রক্রিয়ায় মন্ত্রীগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ব্যয় নির্বাহের যৌক্তিকতা তুলে ধরে মোট ৫৯টি মঞ্জুরি দাবি সংসদে উত্থাপন করেন। এই মঞ্জুরি দাবিগুলো সংসদে কণ্ঠভোটে অনুমোদিত হয়।

এসব মঞ্জুরি দাবির যৌক্তিকতা নিয়ে বিরোধীদলের ১০ জন সংসদ সদস্য মোট ৫০২টি ছাঁটাই প্রস্তাব উত্থাপন করেন। এর মধ্যে বাণিজ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্যসেবা ২-এর পাতায় দেখুন

## সিন্ডিকেটের বিরুদ্ধে ব্যবস্থা নিলে সংকট তৈরি হবে


### -- বাণিজ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** ব্যবসায়ীদের সিন্ডিকেট নিয়ে কথা বলতে গিয়ে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, এ কথা ঠিক যে বড় বড় গ্রুপগুলোই একসঙ্গে অনেক বেশি ব্যবসা করে। কিন্তু, একটা জিনিস মনে রাখা দরকার, জেলে ভরলাম, জরিমানা করলাম, সেটা হয়তো করা সম্ভব। কিন্তু, তাতে যে সংকটটা হঠাৎ করে তৈরি হয়, আমাদের তো সেটা সইতে কষ্ট হয়। আমরা চেষ্টা করি আলোচনার মাধ্যমে, নিয়মের মধ্যে থেকে কিছু করতে। সোমবার (২৬ জুন) জাতীয় সংসদে ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে বাণিজ্য মন্ত্রণালয় ২-এর পাতায় দেখুন



## ঢাকায় ঢুকছে গরু বের হচ্ছে মানুষ

**নিজস্ব প্রতিবেদক :** শুরু হয়েছে ঈদুল আজহার আমেজ। ঈদের কোরবানির হাটে পশুর চাহিদা মেটাতে দেশের বিভিন্ন অঞ্চল থেকে ট্রাকে করে ঢাকায় প্রবেশ করছে গরু। আর অতিরিক্ত বাসভাড়ার হাত থেকে বাঁচতে সেই ট্রাকে ২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহে অশিক্ষিত ব্যবসায়ীর বিদ্যালয়ের মনোনয়ন জমা, প্রত্যাহার করায় মারধর ও চাঁদাদাবী



**নিজস্ব প্রতিবেদক :** জানেন না লেখাপড়া। জোরপুর্বক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের মনোনয়ন জমা দেওয়ার পর তা প্রত্যাহার করায় মারধর ও মোটা অংকের চাঁদা দাবীর অভিযোগ উঠেছে প্রভাবশালী কিছু ব্যক্তির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ সদর উপজেলার বিজয়পুর গ্রামে। এ ঘটনায় সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী ওই ব্যবসায়ী। ভুক্তভোগী ব্যবসায়ী সত্যপদ ঘোষ বলেন, আমি গ্রাম থেকে দুধ সংগ্রহ করে বাজারে বিক্রি করে জীবিকা নির্বাহ করি। আমার মেয়ে দুর্গাপুর মাধ্যমিক বিদ্যালয়ে সপ্তম শ্রেণীতে পড়ে। ওই স্কুলের ম্যানেজিং কমিটির ভোটের জন্য আমাকে প্রার্থী হতে ২-এর পাতায় দেখুন

# দামুড়হুদায় ঐচ্ছিক তহবিল থেকে চেক বিতরন করলেন এমপি টগর

**রাসেল আহাম্মেদ, দামুড়হুদা :** চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর এমপির ২০২২-২৩ অর্থ বছরের ঐচ্ছিক তহবিল থেকে বরাদ্দকৃত অনুদান প্রদান করা হয়েছে। সোমবার সকাল সাড়ে ১০টায় দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে সদর উপজেলার ৮৩ জনকে নগদ ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকার চেক প্রদান করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি এমপি টগর বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের নিজস্ব ব্যয় করার জন্য কিছু অর্থ দিয়েছেন। আমরা সেগুলো নিজে খরচ না করে আপনাদের মধ্যে বিতরণ করছি।বিগত দিনে কোন সরকার এধরনের উদ্যোগ নেই নি।একমাত্র জননেত্রী শেখ হাসিনাই দেশ ও দেশের মানুষের কথা চিন্তা করে। উপজেলার সকলের মধ্যে দেয়া সম্ভব না হলেও অল্প কিছু মানুষকে সামান্য কিছু অর্থ দেয়া হলো। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে উপহার হিসেবে আপনাদেরকে সামান্য কিছু দেয়ার চেষ্টা করা হলো। আপনারা পরিবারের সবাইকে নিয়ে হাসি-খুসিভাবে ঈদ উদযাপন করতে পারলে আমার অনেক ভালো লাগবে।




বিশেষ অতিথি ছিলেন ২-এর পাতায় দেখুন


## শৈলকুপায় ট্রাকের ধাক্কায় নারী নিহত আহত ৪

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় ট্রাকের ধাক্কায় লক্ষী রানী দাস (৫০) নামের এক নারী নিহত হয়েছেন। সেসময় ভ্যানে থাকা আরো তিন জন নারী গুরুতর আহত হন।

সোমবার দুপুরে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের গাড়াগঞ্জ তেল পাম্প এলাকায় দুর্ঘটনাটি ঘটে। নিহত লক্ষী রানী দাস একই উপজেলার গাড়াগঞ্জ গ্রমের মান্য দাসের স্ত্রী। আহত তিন নারীর নাম পরিচয় পাওয়া যায়নি।

স্থানীয়রা জানান, দুধসর ইউনিয়ন পরিষদ থেকে ভিজিএফ এর চাউল নিয়ে ওই চার নারী ব্যাটারি চালিত ভ্যানযোগে বাড়ীতে যাচ্ছিলেন। পথে ওই স্থানে পৌঁছালে ২-এর পাতায় দেখুন









১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

মঙ্গলবার ২৭ জুন ২০২৩

# খাদ্যশস্য আমদানি কমাচ্ছে সরকার

**নিজস্ব প্রতিবেদক :** সরকার খাদ্যশস্য আমদানি কমাচ্ছে। আসন্ন ২০২৩-২৪ অর্থবছরে ৫ লাখ মেট্রিক টন চাল ও গম কম আমদানির সিদ্ধান্ত নেয়া হয়েছে। তাতে সরকারের কমপক্ষে ৩১ কোটি মার্কিন ডলার (৩২৮০ কোটি টাকা) সাশ্রয় হবে। ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের ওপর চাপ কমবে। বিপরীতে চাহিদা পূরণে অভ্যন্তরীণ বাজার থেকে বেশি পরিমাণে খাদ্যশস্য সংগ্রহ করা হবে। সেজন্য কৃষককে চালের উপযুক্ত মূল্য দেয়ার সিদ্ধান্ত হয়েছে। খাদ্যশস্য আমদানির লক্ষ্যমাত্রা চলতি ২০২২-২৩ অর্থবছরের থেকে ২৫ শতাংশ কমিয়ে আগামী অর্থবছরে নির্ধারণ করা হয়েছে। ওই হিসাবে খাদ্য আমদানি খাতে চলতি অর্থবছরে ৮ হাজার ২৭৮ কোটি টাকা থেকে বরাদ্দ কমিয়ে আগামী বাজেটে ৪ হাজার ৯৯০ কোটি টাকা রাখা হয়েছে। অর্থাৎ বরাদ্দ কমছে ৩ হাজার ২৮০ কোটি টাকা বা ৩০ কোটি ১৭ লাখ মার্কিন ডলারের বেশি (প্রতি ডলার মূল্য ১০৮.৭০ টাকা)। নতুন অর্থবছরের শুরু থেকেই পর্যায়ক্রমে এ সিদ্ধান্ত কার্যকর করা হবে। অর্থ এবং খাদ্য মন্ত্রণালয় সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, খাদ্যশস্য আমদানি খাতে টাকায় বরাদ্দ রাখা হলেও দরপত্র প্রক্রিয়া শেষে মার্কিন ডলারে মূল্য পরিশোধ করা হয়। সরকার টু সরকার বা বেসিরকারি পর্যায়ে আমদানির ক্ষেত্রে ডলারের মূল্য শোধ দিতে হয়। চলতি অর্থবছরে ডলারের মূল্য ৮০ টাকা ধরে



খাদ্যশস্য আমদানির ব্যয় নিরূপণ করা হয়েছিল। ওই হিসাবে বরাদ্দ দেয়া হয়েছিল ২ হাজার ৫৭৯ কোটি টাকা। কিন্তু গত বছরের জুন থেকে মার্কিন ডলারের মূল্য অস্বাভাবিক বেড়ে যায়। একই সঙ্গে টাকার মূল্যের অবনতি ঘটে। পাশাপাশি রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বব্যাপী খাদ্য সংকট দেখা দেয়। এই সংকট এড়াতে প্রধানমন্ত্রী লক্ষ্যমাত্রার চেয়ে বেশি খাদ্যশস্য আমদানির নির্দেশ দিয়েছেন। ফলে বিদ্যমান সংকট ও প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়নে খাদ্যশস্য আমদানি ব্যয় ২ হাজার ৫৭৯ কোটি টাকা থেকে বেড়ে ৮ হাজার ২৭৮ কোটি টাকায় উন্নীত হয়। এ খাতে লক্ষ্যমাত্রার চেয়ে বরাদ্দ বৃদ্ধি পায় ৫ হাজার ৬৯৯ কোটি টাকা বা ৫২ কোটি ৪২ লাখ মার্কিন ডলার। সূত্র জানায়, আসন্ন অর্থবছরে ডলার সাশ্রয় করতে সরকার চলতি অর্থবছরের চাল আমদানির লক্ষ্যমাত্রা ৯ লাখ মেট্রিক টন থেকে নামিয়ে ৪ লাখ টন করেছে। একইভাবে ৭ লাখ মেট্রিক টন গম আমদানির লক্ষ্যমাত্রা কমিয়ে ৬ লাখ টন কেনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তাতে দেখা যাচ্ছে চলতি অর্থবছরে চাল ও গম মিলে মোট ১৬ লাখ টন আমদানি থেকে কমিয়ে আগামী অর্থবছর ১১ লাখ টন কেনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিগত ১৪ জুন পর্যন্ত ১০ লাখ ৫৫ হাজার টন চাল এবং ৩৪ লাখ ৪০ হাজার টন গম আমদানি করা হয়েছে। তবে আগামী অর্থবছরে অভ্যন্তরীণ বাজার থেকে ১৫ দশমিক ৭৬ শতাংশ বেশি খাদ্যশস্য ২-এর পাতায় দেখুন

## প্রণোদনায় খুশি নন সরকারি চাকরিজীবীরা

**নিজস্ব প্রতিবেদক :** ৮ম পে-স্কেল অনুযায়ী ১ জুলাই থেকে এমনিতেই ৫ শতাংশ ইনক্রিমেন্ট পাবেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। এর সঙ্গে আরও ৫ শতাংশ প্রণোদনা দেওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ফলে জুলাই থেকে ১০ শতাংশ বেশি বেতন পাবেন সরকারি চাকরিজীবীরা। প্রধানমন্ত্রীর ঘোষণাকে সাধুবাদ জানালেও প্রণোদনায় নাখোশ অনেক সরকারি কর্মকর্তা-কর্মচারী। তারা বলছেন, ৫ শতাংশ প্রণোদনা বর্তমান বাজারদর ও মূল্যস্ফীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তাই প্রণোদনা নয় বরং স্থায়ীভাবে কমপক্ষে ২০ শতাংশ বেতন-ভাতা বাড়াতে হবে। দ্রুত সময়ের মধ্যে এ দাবি মেনে নেওয়া না হলে ঈদের পর আবার ২-এর পাতায় দেখুন

## চাচীর দাফন শেষে বাড়ি ফেরা হলোনা কৃষক আয়ুব হোসেনের

**মেহেরপুর প্রতিনিধি:** চাচীর দাফন শেষে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন কৃষক আয়ুব হোসেন (৬৫)। সোমবার দুপুরে মেহেরপুরের গাংনী ঈদগাহ পাড়া নামক স্থানে মাটি বোঝাই ট্রলির চাকায় পিষ্ট হয়ে মারা যান তিনি। আয়ুব হোসেনের বাড়ি উপজেলার গোপালনগর গ্রামে। পুলিশ ঘাতক যানবাহন ও চালককে আটকের চেষ্টা করছে বলে জানিয়েছে পুলিশ। জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার কালিগাংনী গ্রামে আয়ুব আলীর চাচী মারা যায়। ছেলে তোহিদুল ইসলামের মোটরসাইকেলযোগে কালিগাংনী গ্রামে চাচীর দাফন শেষে বাড়ি ফিরছিলেন আয়ুব হোসেন। গাংনী-হাটবোয়ালিয়া সড়কে গাংনী ঈদগাহপাড়ায় মাটি বহনকারী একটি ট্রাক্টর ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ৭০০ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজসহ কৃষি উপকরণ বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ৭০০ কৃষকের মাঝে বিনামুল্যে রাসায়নিক সার ও বীজসহ কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি অফিসের আয়োজনে এ উপকরণ বিতরণ করা হয়। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ। বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ-নবী, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবীব, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা কৃষক লীগের সভাপতি সাজেদুর রহমান সোম। কৃষি বিভাগ জানায়, সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৭০০ কৃষকের প্রত্যেককে ১ কেজি পেঁয়াজ বীজ, ২০ কেজি রাসায়নিক সার, ২ কেজি হাইব্রিড রোপা আমন ধানের বীজসহ কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরে খরিপ ২০২৩-২৪ মৌসুমে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ও রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যেই এ উপকরণ দেওয়া হয়েছে।








## মহেশপুরে পৌর সভায় বাজেট ঘোষনা

**মো ঃ আজাদ, মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুর পৌর সভার সম্মেলন কক্ষে সোমবার দুপুরে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রায় ৪৯ কোটি ৭৬লাখ ৬০ হাজার ৯০৪ টাকার বাজেট ঘোষনা করা হয়েছে। মহেশপুর পৌর সভায় মেয়র আব্দুর রশিদ খান এ বাজেট ঘোষনা করেন। পৌর মেয়র আব্দুর রশিদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট ঘোষনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ,বিশিষ্ঠ সমাজ সেবক ও পৌর ল্যাব মাধ্যমিক ২-এর পাতায় দেখুন

## রেললাইনের পাশে মিলল যুবকের দুই টুকরো দেহ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জীবননগরে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত এক যুবকের মৃত্যু হয়েছে। রোববার (২৫ জুন) সন্ধ্যা ৬ টার পর জীবননগর উপজেলার উথলী গ্রামের ঘোড়ামারা রেলগেটের পাশে সন্ন্যাসীতলা মাঠের রেললাইনে এ দুর্ঘটনা ঘটে। রেললাইনের পাশে ২৬বছর বয়সী অজ্ঞাত যুবকের দ্বিখন্ডিত মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন স্থানীয়রা। পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ইমদাদুল ইসলাম জানান, ধারণা করছি রাজশাহী থেকে খুলনাগামী আন্তঃনগর কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে অজ্ঞাতনামা ওই যুবক নিহত হয়েছেন। ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে ২-এর পাতায় দেখুন







## মেহেরপুরে দিন দিন ভরাট হচ্ছে পুকুর ও জলাশয় নষ্ট হচ্ছে পরিবেশ

**মেহেরাব হোসেন, মেহেরপুর:** মেহেরপুর শহরে একের পর এক পুকুর ভরাটের ফলে প্রাকৃতিক বিপর্যয়ের শঙ্কা বাড়ছে। জেলায় জলাভূমি সংরক্ষণের আশানুরূপ কোনো উদ্যোগ নেই। অনেক সময় প্রশাসনের সামনেই অবাধে পুকুরসহ জলাভূমি ভরাট করা হচ্ছে। গড়ে উঠছে ঘরবাড়ি-কলকারখানাসহ নানা অবকাঠামো। মূলত আইনের ফাঁকফোকর এবং প্রয়োগের অভাবেই অনেক ঐতিহ্যবাহী পুকুর ও জলাভূমিও দিন দিন ভরাট হয়ে যাচ্ছে। যার ফলে পানির স্তরও কমে যাচ্ছে। ভারসাম্যহীন হয়ে পড়ছে প্রকৃতি ও পরিবেশ। পাশাপাশি বড় বড় বৃক্ষগুলোও অবাধে নিধন করা হচ্ছে কেটে ফেলা হচ্ছে আগান-বাগানও। যার প্রভাব পড়বে আগামীর প্রজন্মের উপর বলে মত দিয়েছেন বিশেষজ্ঞরা। সরজমিন ঘুরে দেখা যায়, মেহেরপুর শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত ঐতিহ্যবাহী মল্লিক পুকুর। শত বছরের ঐতিহ্য নিয়ে টিকে ছিল বহুদিন। স্থানীয় ২-এর পাতায় দেখুন


**কেটে ফেলা হচ্ছে গাছ-গাছালিসহ বাগান গড়ে উঠছে বড় বড় দালানকোঠা**



## মুজিবনগরে ৩০ বোতল ফেন্সিডিলসহ আটক-১

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে অভিযান চালিয়ে ৩০ বোতল ফেন্সিডিলসহ সাগর (২২) নামের এক মাদক কারবারীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। রবিবার দিবাগত রাতে ডিবি পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে সাগরকে আটক করে। আটক সাগর দারিয়াপুর গ্রামের শাকের আলীর ছেলে। ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে ডিবি পুলিশের এসআই শাহিন সঙ্গীয় ফোর্সসহ সাগরের বাড়িতে অভিযান পরিচালনা করে। এসময় তার কাছ থেকে ৩০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এঘটনায় ২-এর পাতায় দেখুন























সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# স্বস্তিতে বাড়ি ফিরুক মানুষ

সড়ক ব্যবস্থাপনা স্বাভাবিক থাকলে এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে আশা করা হচ্ছে। তবে বৃষ্টিবাদল বেশি হলে সড়কে খানাখন্দ তৈরি হয়ে ভোগান্তি হতে পারে বলে শঙ্কা রয়েছে। আগামী বৃহস্পতিবার ঈদুল আজহা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে নগরবাসী রাজধানী ছাড়তে শুরু করেছে। এখন পর্যন্ত ভোগান্তির খবর চোখে পড়েনি। ঈদ উদযাপন মানেই ঘরে ফেরা, প্রিয়জনের কাছে ফেরা। এই ফেরা আনন্দের। কিন্তু এটি যেন প্রতিবারই বিষাদে পরিণত হয়। গতকাল ভোরের কাগজের একটি প্রতিবেদনে বলা হয়েছে, সুষ্ঠু ব্যবস্থাপনার কারণে গত বছর টঙ্গী-গাজীপুর সড়কে ভোগান্তি হয়নি। এই মহাসড়কের বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের পুরো কাজ শেষ হয়নি। ঢাকা-বগুড়া মহাসড়কের লেন বাড়াতে উন্নয়নকাজ চলছে। এই মহাসড়কে ভোগান্তির আশঙ্কা রয়েছে। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লা অংশের মহাসড়কে গত ঈদে কোনো ভোগান্তি ছিল না। তবে এবার পরিবহন চালকরা ভোগান্তির আশঙ্কা করছেন। বৃষ্টির কারণে কুমিল্লা সেনানিবাস এলাকায় চট্টগ্রামগামী লেনে সড়কের একপাশে পানি জমে গর্ত হয়ে যায়।্রি কিছু অংশ মেরামত করা হয়েছে। ঢাকা-আরিচা মহাসড়কের সাভার, ধামরাই, মানিকগঞ্জের মহাসড়কের অবস্থা ভালো। ঢাকা-যশোর-খুলনা-গোপালগঞ্জ-নড়াইল, ঢাকা-বরিশাল, ঢাকা-সিলেট মহাসড়কের সার্বিক চিত্র ভালো। তবে এবারের ঈদে সড়ক-মহাসড়কের পাশের পশুর হাটগুলো শেষ মুহূর্তে ভোগান্তির কারণ হতে পারে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে তৎপর রয়েছে। আশার কথা, পদ্মা সেতু চালু হওয়ার কারণে লঞ্চযাত্রায় স্বস্তি ফিরেছে। রেলপথেও স্বস্তির খবর আসছে। অনলাইন টিকেট ব্যবস্থার কারণে রেলে ব্যাপক পরিবর্তন আসছে। ঈদযাত্রা স্বস্তিদায়ক ও নির্বিঘ্ন করতে পুলিশ কাজ করে যাচ্ছে বলে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক ও হাইওয়ে পুলিশের প্রধান শাহাবুদ্দিন খান বলেন, 'এবারের ঈদে একটু ভিন্নমাত্রা আছে। এ সময় পশুবাহী গাড়ি বেশি চলাচল করে। মহাসড়ক-সংলগ্ন ও অদূরে পশুর হাট থাকে। এ চ্যালেঞ্জগুলো মোকাবেলায় পুলিশ মাঠে কাজ করছে। হাটের ইজারাদারসহ স্থানীয় প্রশাসন, জেলা প্রশাসন সবাই মিলে এবারও স্বস্তিদায়ক ঈদযাত্রা নিশ্চিত করতে প্রস্তুতি নেয় হয়েছে।' আমরাও পুলিশের এ ঊর্ধ্বতম কর্তৃপক্ষের কথায় আশ্বস্ত হতে চাই। ঈদের সময়ে দেখা যায় অনেক ফিটনেসবিহীন বাস ও লঞ্চ নতুন রং লাগিয়ে চলাচল করে। দুর্ঘটনা ঘটে যাওয়ার পর তখন বাসের বা লঞ্চের মালিককে শনাক্ত করাও অনেক সময়ে কঠিন হয়ে যায়। তাই দুর্ঘটনা ঘটার আগে তা প্রতিরোধে করণীয় ঠিক করতে হবে। দুর্ঘটনা এড়িয়ে ঈদযাত্রা নির্বিঘ্ন করতে হলে মোটরসাইকেল চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে। সড়কে এখন সবচেয়ে বেশি দুর্ঘটনা ঘটে মোটরসাইকেলের কারণে। তাছাড়া ঈদযাত্রায় ফিটনেসবিহীন যানবাহন চলাচলে পুলিশ এবং সংশ্লিষ্টদের নজরদারি জোরদার করতে হবে। বিগত বছরগুলোতে ঈদের সময় রাস্তাঘাটের দুরবস্থার কারণে যান চলাচল বিঘ্নিত হওয়া, যানবাহন গন্তব্যে পৌঁছতে কয়েক গুণ সময় বেশি লাগা, যানবাহন দুর্ঘটনায় পতিত হওয়াসহ নানারকম বিপদ-ভোগান্তির অভিজ্ঞতা আমাদের হয়েছে। আমরা নিশ্চয় এমন অবস্থার পুনরাবৃত্তি চাই না।

## শৈলকুপায় ট্রাকের ধাক্কায় নারী

ঝিনাইদহগামী একটি ট্রাক ভ্যান গাড়ীটি ধাক্কা দেয়। এতে ভ্যানে থাকা ওই চার নারী রাস্তার পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে লক্ষী রানী দাসকে মৃত বলে ঘোষণা করে। আহত তিন নারী হাসপাতালে ভর্তি রয়েছে। ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করে জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় ট্র্যাকটি আটক করা হয়েছে। মামলার প্রস্তুতি চলছে।

## ঝিনাইদহে অশিক্ষিত ব্যবসায়ীর

বলেন স্থানীয় ফজলু মেম্বর, উত্তর দূর্গাপুর গ্রামের জিন্নাহ, বিল্লাল, ইসরাইল, আবু বক্করসহ কতিপয় ব্যক্তি। আমি লেখাপড়া না জানায় প্রার্থী হতে অনীহা প্রকাশ করি। এতে আমার উপর ক্ষুব্ধ হয় তাঁরা। শনিবার রাতে আবুর বক্কর ও ফজলুর নেতৃত্বে ৭-৮ জনের একটা দল জোরপূর্বক আমাকে ঝিনাইদহ চক্ষু হাসপাতালের সামনে নিয়ে এসে এলোপাতাড়ি মারতে থাকে। এক পর্যায়ে তাঁরা বলে আগামীকাল সকালে ১০লাখ টাকা নিয়ে বিজয়পুর বাজারে এসে আমাদেরকে দিয়ে যাবি। না দিলে তোদেরকে দেশছাড়া করে দেওয়া হবে।
এদিকে এ ঘটনার প্রতিবাদে রোববার রাতে পোড়াহাটি ইউনিয়ন পরিষদ চত্বরে প্রতিবাদ সভা করেছে ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ। তিনি ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দোষীদের আইনের আওতায় আনার দাবী জানান। সেসময় ওই এলাকার সংখ্যালঘু সম্প্রদায়সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।
এদিকে এ সকল বিষয় অস্বীকার করে অভিযুক্ত আবু বক্কর ও ফজলুর রহমান বলেন, একটা গোষ্ঠী আমাদের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।
এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, এ বিষয়ে ভুক্তভোগী ব্যক্তি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। তদন্ত করে দোষিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## দামুড়হুদায় ঐচ্ছিক তহবিল থেকে

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী,দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউছুফ,উপজেলা আওয়ামী লীগ নেতা আব্দুল আজিজ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহাম্মেদ,জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকুসহ উপজেলার সকল দপ্তরিক কর্মকর্তা ও আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

## রেললাইনের পাশে মিলল যুবকের

ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রক্রিয়া চলমান। যুবকের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।

## মুজিবনগরে ৩০ বোতল

মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আসামি সাগরকে সোপর্দ করা হয়েছে।

## চাচীর দাফন শেষে বাড়ি ফেরা

ট্রলিকে ওভারটেক করার চেষ্টা করে তোহিদুল। এসময় সামনে থেকে আসা ব্যাটারি চালিত ইজিবাইকের সাথে মোটর সাইকেলের ধাক্কা লাগে। মোটরসাইকেল থেকে ছিটকে পড়েন চলন্ত ট্রাক্টর ট্রলির চাকার নিচে। এতে গুরুতর জখম হন তিনি। স্থানীয় লোকজন আয়ুব হোসেনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তবে এ ঘটনায় সৌভাগ্যক্রমে প্রাণে বেঁচে যায় ছেলে তোহিদুল ইসলাম। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, দুর্ঘটনার জন্য দায়ী ইজিবাইক ও ট্রাক্টর ট্রলি আটকের চেষ্টা চলছে। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

## মহেশপুরে পৌর সভায় বাজেট

বিদ্যালয়ের প্রধান শিক্ষক এটিএম খাইরুল আনাম, মহেশপুর সরকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, পৌর কাউন্সিলর শ্যামাপদ হালদার,কাজি আতিয়ার রহমান, আবুল হাসেম পাঠান, জাহাঙ্গীর আলম,আব্দুস সালাম,হাবিবুর রহমানসহ এলাকার বিশিষ্ঠ জনেরা।

## মেহেরপুরে দিন দিন ভরাট হচ্ছে পুকুর

লোকজনদের গোসল কাপড় ধোয়া বাচ্চাদের সাঁতার শেখাসহ দৈনন্দিন জীবনের অনেক কিছুই হতো ওই পুকুরে। কিন্তু গত দুই বছরে ওই পুকুরটাও বিলুপ্তের পথে। প্লট আকারে বিক্রি করে অনেকের মালিকানাধীন কুকুরটিতে আজ দালান কোঠা তৈরি হবার পথে। অথচ মল্লিক পরিবারের ঐতিহ্যবাহী পুকুর হিসেবে বেশ খ্যাতি ছিল ওই পুকুরটির। পুকুরটিকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল মল্লিকপাড়া যা শহরের অত্যন্ত পরিচিত পাড়া হিসেবে পরিচিত। মেহেরপুর শহরের মল্লিকপাড়া এলাকার বাসিন্দা মনিরুল ইসলাম জানান, জন্মের পর থেকেই দেখছি মল্লিক পুকুরটি। এলাকার অনেকেই এই পুকুরে গোসল কাপড় কাঁচা সহ অনেক কাজ করতো। ছোটবেলায় গোসল করার মধ্য দিয়ে সাঁতার শিখেছি। কিন্তু ব্যক্তি মালিকানাধীন থাকায় পরবর্তীতে শরিকদের মধ্যে ভাগবাটি হওয়র ফলে বিক্রি হয়ে যাচ্ছে। পুকুরের অধিকাংশই ভরাট হয়ে গেছে। যেটুকু খালি আছে তাও ভরাট হওয়ার পথেই। তিনি বলেন, পাঁচ বছর পর এখানে যে একটি পুকুর ছিল এটা হয়তো জানতেই পারবে না। জেলার প্রবীণ নাগরিকরা জানান, আজ থেকে ১৫ বছর আগেও মেহেরপুর শহরের বিভিন্ন পাড়া মহল্লা ও এলাকাতে অর্ধশতাধিক পুকুর ছিলো। সেই সকল পুকুরে মানুষের গোসল করাসহ বিভিন্ন ধরনের কাজ করতো। ছোট ছোট বাচ্চাদের সাঁতার শেখা গরমের দিনে একটু স্বস্তির আশায় পুকুরে ডুব দেওয়া ছিল মানুষের নিয়মিত কাজ। কিন্তু কালের বিবর্তনে শহর থেকে দিন দিন হারিয়ে যাচ্ছে পুকুরসহ সমস্ত জলাশয়। যার ফলে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য হারাচ্ছে। ঠিক তেমনি অগ্নিকান্ডসহ শহর বড় কোন দুর্ঘটনার কবলে পড়লে মানুষের জান মালেরও ক্ষতি হওয়ার সম্ভাবনা থেকেই যাচ্ছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের বাসিন্দা লিটন হোসেন জানান, স্কুল জীবনে আমরা যখন পড়ালেখা করতাম তখন প্রতিদিনই গ্রাম থেকে মেহেরপুর হাইস্কুলে আসতাম। তিনি বলেন, রাস্তায় একটু হাঁপিয়ে গেলে বা ঘেমে গেলে দাঁড়িয়ে যেতাম কিছুক্ষণ বিশ্রাম নেওয়ার পরে আবারো রওনা দিতাম। কিন্তু বর্তমানে সড়ক জুড়ে হাহাকার বড় কোন গাছ নেই, দাঁড়ানোর মত কোন ছায়া নাই। এভাবে চলতে থাকলে পরিবেশের উপর চরম প্রভাব পড়বে। তাই তিনি এখান থেকে বের হয়ে আসতে এবং বেশি করে গাছ লাগাতে সংশ্লিষ্টদের আহ্বান জানান তিনি।
জানতে চাইলে মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান আব্দুল্লাহ আল আমিন বলেন, আধুনিক বাংলাদেশ বিনির্মাণে গ্রাম শহর হচ্ছে, শহর আরো উন্নত হচ্ছে। কিন্তু উন্নতির এই যাতাকলে পড়ে ভরাট হয়ে যাচ্ছে নদী, নালা, খাল, বিল, হাওর বাওর পুকুর সহ বিভিন্ন জলাশয়। যার ফলে প্রাকৃতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছি আমরা। তিনি বলেন, এখান থেকে বের হতে না পারলে বড় ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের সংখ্যা থেকেই যাচ্ছে। তিনি বলেন, আজ থেকে দুই তিন বছর আগেও মেহেরপুরে তাপমাত্রার কোন প্রভাব ছিল না। অথচ গত দুই বছর ধরে দেশের মধ্যে সর্বোচ্চ তাপমাত্রার কবলে পড়তে হচ্ছে মেহেরপুরকে। তাই তিনি এখান থেকে বের হয়ে আসতে হলে পুকুর ভরাট ও গাছপালা নিধন আইন কার্যকর করার আহবান জানান সংশ্লিষ্টদের। মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহকারী পরিচালক সাইফুজ্জামান জানান, মেহেরপুর শহরে চরম আকারে পুকুর সংকট রয়েছে। শহরে বড় কোন জলাশয় বা পুকুর নাই। যার জন্য অগ্নিকান্ড বা বড় কোন দুর্ঘটনার কবলে পড়লে চরম সমস্যায় পড়তে হয় আমাদের। তিনি বলেন, রিজার্ভ ট্যাংকিতে যে পরিমান পানি থাকে অনেক সময় তা দিয়ে আগুন নিয়ন্ত্রণ করা হয় না। তাই অনেক ক্ষেত্রেই মানুষের জান ও মালের অনেকটাই ক্ষতি হয়ে যায়। তিনিও মেহেরপুর শহরে বেশি বেশি পুকুর নির্মাণের দাবি জানান। এবিষয়ে মেহেরপুর পৌরসভার মেয়র মাহাফুজুর রহমান রিটন জানান, পুকুর ভরাট করতে বা খনন করতে হলে পৌরসভার অনুমতির প্রয়োজন হয়। তবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নিয়ে আসলে অনেক সময় অনুমতি দিতে হয়। তিনি পুকুর ভরাট বা বৃক্ষ নিধনের ক্ষেত্রে যে আইন রয়েছে তা আরো কার্যকর করার আহ্বান জানান। এ বিষয়ে জানতে চাইলে মেহেরপুরের জেলা প্রশাসক (ডিসি) আজিজুল ইসলাম বলেন, জেলায় পরিবেশের ভারসাম্য রক্ষায় পুকুর, দিঘী জলাশয় ভরাট করা বন্ধ করতে হবে। পাশাপাশি যে সকল সরকারি নদ-নদী ও খাল বিল রয়েছে তাপ পূণ্য খননের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা হবে। সে লক্ষ্যে কাজ করা হচ্ছে ইতিমধ্যে ভৈরব নদীসহ বেশ কয়েকটা খাল অন্য খনন করা হয়েছে ভবিষ্যতে আরো করা হবে। তিনি বলেন পরিবেশ রক্ষায় সরকার যে কোন পদক্ষেপ নিতেও প্রস্তুত রয়েছে।

## বিচার বিভাগের গতি বাড়াতে

তিনি এ কথা বলেন। প্রধান বিচারপতি মানিকগঞ্জে পৌঁছে প্রথমে বিচারপ্রার্থীদের জন্য নির্মিতব্য ন্যায়কুঞ্জের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন। এরপর বিচার বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দেন। হাসান ফয়েস সিদ্দিকী বলেন, করোনার কারণে মামলা জট বেড়েছিল। তবে ধীরে ধীরে এই জট কমে আসছে। সারাদেশের আদালতগুলোতে মামলা জট কমাতে কাজ করছে বিচার বিভাগ। স্বল্প সময়ে ন্যায় বিচার নিশ্চিত করাই এখন মূল লক্ষ্য। বিচারের বাণী নিভৃতে কাঁদে সেটা আর হবে না, ইনশাআল্লাহ। তিনি বলেন, বিচার বিভাগের গতি বাড়াতে নিয়োগ দেওয়া হচ্ছে নতুন বিচারক। নতুন দুইশ জন বিচারক যদি যোগ দেন তাহলে সারাদেশে যে ঘাটতি আছে তা পূরণ করতে পারবো। বিচার বিভাগ রাষ্ট্রের অন্যতম প্রধান অঙ্গ। রাষ্ট্র ব্যবস্থার সঙ্গে সঙ্গত রেখে আমাদের দায়িত্ব বিচার বিভাগকে এগিয়ে নিয়ে যাওয়া। এজন্য নানা পদক্ষেপ নেওয়া হয়েছে, যার একটি হচ্ছে ন্যায়কুঞ্জ। প্রধান বিচারপতি বলেন, শপথ গ্রহণের প্রথমদিনই প্রধানমন্ত্রীকে বলেছিলাম, দেখেন বিচারকদের বসার জায়গা আছে। আইনজীবীদের বসার জায়গা আছে। নেই শুধুমাত্র বিচারপ্রার্থীদের, যাদের জন্য এই আদালত। যাদের জন্য এই বিচারক। তারা আদালত প্রাঙ্গণে এসে স্বস্তিতে বসবে এমন ব্যবস্থা সারাদেশে কোথাও নেই। অথচ সারাদেশে এই আদালত, বিচারক, আইনজীবী সবাই তাদের সেবার জন্য নিয়োজিত। এটা প্রস্তাবের পর ন্যায়কুঞ্জ নির্মাণের জন্য ৩৫ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। এসময় হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. রইস উদ্দিন, সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মো. গোলাম রব্বানী, হাইকোর্টের আপিল বিভাগের রেজিস্ট্রার মুন্সি মো. মশিউর রহমান, মানিকগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতের বিচারক জয়শ্রী সমদ্দার, জেলা প্রশাসক মুহাম্মদ আবদুল লতিফ, পুলিশ সুপার মোহাম্মদ গোলাম আজাদ খান ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট উৎপল ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

## রাজনৈতিক কর্মী আর সন্ত্রাসী

বলেন, 'সন্ত্রাসী কর্মকান্ড আর রাজনৈতিক কর্মসূচির মধ্যে পার্থক্য আছে, কিন্তু বিএনপির কর্মসূচি হচ্ছে সন্ত্রাস নির্ভর, তারা রাজনীতির নামে সন্ত্রাস করেন। এখানেই হচ্ছে বিপত্তি।'
সোমবার দুপুরে সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) প্রকাশিত ড. কামরুল হাসান সম্পাদিত 'সংবাদপত্রে নব্বইয়ের গণঅভ্যুত্থান' গ্রন্থের মোড়ক উন্মোচন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। পিআইবি'র মহাপরিচালক জাফর ওয়াজেদ ও গ্রন্থকার মোড়ক উন্মোচনে অংশ নেন।
সাংবাদিকরা বিএনপি মহাসচিবের মন্তব্য 'সরকারের অত্যাচার-নির্যাতনের কারণে জাতির সব অর্জন অগ্রগতি হারিয়ে যেতে বসেছে' প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে ড. হাছান বলেন, 'এর অর্থ গত সাড়ে ১৪ বছরে জাতির অনেক অর্জন আছে এটা মির্জা ফখরুল সাহেব স্বীকার করে নিয়েছেন। সরকার কারো ওপর জুলুম-নির্যাতন চালাচ্ছে না। কিন্তু যারা আগুন সন্ত্রাস চালিয়েছে, পুলিশের ওপর হামলা করেছে এবং এখনও করছে, মির্জা ফখরুল সাহেবদের নেতৃত্বে যারা এখনো রাস্তায় গাড়ি-ঘোড়া ভাংচুর করছে, তাদের বিরুদ্ধে তো ব্যবস্থা গ্রহণ করতে হবে।'
রুহুল কবির রিজভীর মন্তব্য 'পদত্যাগের দাবিতে মানুষ রাস্তায় নেমেছে দেখে সরকারের সিংহাসন টলমল করছে' এর জবাবে মন্ত্রী বলেন, 'রিজভী সাহেব কি এটা জেগে বলেছেন না ঘুমিয়ে বলেছেন এবং তার মানসিক স্বাস্থ্য কেমন -সেটি আমার প্রশ্ন। দেশে কোথাও তারা তাদের কর্মীদেরও নামাতে পারেনি, সাধারণ মানুষ তো দূরের কথা। আসলে দুশ'-চারশ' মানুষ নিয়ে তারা মিটিং করতে অভ্যস্ত এখন দু'-চার হাজার দেখে মাথাটা নষ্ট হয়ে গেছে, এই হচ্ছে সমস্যা।'
চাঁদাবাজি, ব্ল্যাকমেইলসহ নানা অভিযোগে অভিযুক্ত অনিবন্ধিত আইপি এবং ক্যাবল টিভি'র বিরুদ্ধে অভিযানের অংশ হিসেবে সম্প্রতি চট্টগ্রামে জেলা প্রশাসন চারটি অবৈধ আইপি টিভি'র অফিস সিলগালা করা প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে সম্প্রচারমন্ত্রী বলেন, 'সরকার অনুমোদিত বৈধ টেলিভিশন চ্যানেলগুলো প্রতি মাসে শুধু বিটিআরসিকে ২০ লাখ টাকার বেশি ফি দেয়। এসব টিভিতে অনেক সাংবাদিকের কর্মসংস্থান হয়েছে। ইতিমধ্যে ৩৬টি বেসরকারি টিভি চ্যানেল সম্প্রচারে আছে, আরো আসবে। কিন্তু কোনো অনুষ্ঠানে গেলেই দেখা যায় যে, এই টিভি চ্যানেলের মতো একই ধরনের বুম আর ছোট একটা ক্যামেরা নিয়ে হাজির হয় অননুমোদিত নানা আইপি টিভি। এদের কোনো অনুমোদন নাই, এরা চাঁদাবাজির সাথে যুক্ত।'
হাছান মাহমুদ জানান, 'সম্প্রচার নীতিমালা অনুযায়ী আইপি টিভি বা ইউটিউব চ্যানেলের নামে সংবাদ বুলেটিন বা অন্য কৌশল অবলম্বন করে সংবাদ প্রচার করা যায় না, তারপরও তারা এই কাজটি করে এবং সেটি করতে গিয়ে অমুকের পক্ষে সংবাদ প্রকাশ করার জন্য চাঁদা নেয়, বিপক্ষে করার জন্যও হুমকি দিয়ে চাঁদা নেয়। বিভিন্ন জেলা-উপজেলায় সাংবাদিক নিয়োগ দেয়ার জন্য টাকা নেয়, প্রতি মাসেও প্রতিনিধিদের কাছে উল্টো টাকা দাবি করে। এই কাজগুলো সারাদেশে বিভিন্ন জায়গায় হচ্ছে। আমাদের মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিভিন্ন জেলা প্রশাসকের কাছে চিঠি দেয়া হয়েছে এ ব্যাপারে অভিযান পরিচালনা করার জন্য এবং যাদের বৈধ লাইসেন্স নেই যারা চাঁদাবাজি এবং অন্যান্য অপকর্মের সাথে যুক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য।'
রোববার চট্টগ্রাম জেলা প্রশাসন সেই অভিযান পরিচালনা করেছে এবং কয়েকটি আইপি টিভির বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে, তাদের অফিসও সিলগালা করে দিয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, 'সেটি করতে গিয়ে আবার 'কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে এসেছে' অর্থাৎ সেখানে তাদের কার্যালয়ের মধ্যে অবৈধ ও ভেজাল নানা ধরণের খাদ্যসামগ্রী পাওয়া গেছে। অন্যান্য জেলাতেও খুব সহসা এ ধরণের অভিযান পরিচালিত হবে।'

## ঈদযাত্রায় সড়কে ২৪ ঘণ্টা সক্রিয়

কর্মকর্তারা। জানা গেছে, অনেক সময় অভিযোগকারীকে যথাসময়ে সেবা দেওয়া সম্ভব হয় না। এজন্য এবার সড়কে সক্রিয় থাকবে পুলিশের মোটরসাইকেল পার্টি। যাতে দ্রুত সময়ে অভিযোগ ও শোনা ও ব্যবস্থা গ্রহণ করা যায়। আসন্ন ঈদুল আজহা উপলক্ষে রাজধানীর গাবতলী স্থায়ী পশুর হাট সরেজমিন পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। গতকাল সোমবার দুপুর পুলিশ সদর দপ্তর ও ডিএমপির ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে পরিদর্শন করেন আইজিপি। পুলিশ মহাপরিদর্শক বলেন, গত ঈদুল ফিতরে সবার সার্বিক সহযোগিতায় ঈদযাত্রা স্বস্তিদায়ক করতে পেরেছি। সাধারণ মানুষ আশ্বস্ত হয়েছেন ও যার যার গন্তব্যে নির্বিঘ্নে ও যথাসময়ে গমনাগমন করতে পেরেছেন। এবারের ঈদযাত্রাও নির্বিঘ্ন করতে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। আইজিপি বলেন, মেট্রোপলিটন পুলিশ হাইওয়ে পুলিশ, টুরিস্ট পুলিশ, জেলা পুলিশ রেলওয়ে পুলিশ, র‍্যাব, আর্ম পুলিশ ব্যাটালিয়ন, নৌ পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশসহ সব ইউনিট একযোগে কাজ করছে। আমাদের সঙ্গে মালিক শ্রমিক, হাটের ইজারাদার ও যাত্রীদের সঙ্গে আমরা কথা বলেছি কেউ হয়রানি শিকার হচ্ছেন কি না তা জানার চেষ্টা করেছি এখন পর্যন্ত সবাই স্বস্তিদায়ক বলেছেন। এর আগে আমরা গাজীপুর সাভার বাইপাইল এলাকা পরিদর্শন করেছি। সড়কের অবস্থা মানুষের কথা শুনেছি। ঈদযাত্রা সরজমিন পরিদর্শন করেছি। সাধারণ মানুষ নিরাপদে নির্বিঘ্নে যার যার গন্তব্যে যাচ্ছেন। যোগাযোগ ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে, পদ্মাসেতু হয়েছে। আগের মত অবস্থা আর নেই যে মানুষ বাসের ছাদে চড়ে গন্তব্যে যাবে। ঈদ যাত্রায় সড়কের অবস্থার কথা ভেবে মানুষ আগে বাড়িতে নাকি রাস্তায় ঈদের নামাজ পড়বেন সেই শঙ্কায় থাকতেন সে পরিস্থিতি আর নেই। গত ঈদুল ফিতরের ঈদ যাত্রা ছিল স্মরণকালের স্বস্তিদায়ক। গত ঈদের অভিজ্ঞতার আলোকে এবারের যাত্রা কেউ শেষে আদায় করতে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাধারণ যাত্রীদের উদ্দেশ্যে আহ্বান জানিয়ে আইজিপি বলেন, যে কোনো সমস্যায় প্রয়োজনে নিকটস্থ পুলিশে খবর দিন অথবা জাতীয় জরুরি সেবা ৯৯৯ এ ফোন করুন আপনার অভিযোগ জানান পুলিশ দ্রুত সময়ের মধ্যে আপনার অভিযোগের নিষ্পত্তি করবেন। আইজিপি আরও বলেন, ফিটনেসবিহীন ও লাইসেন্সবিহীন যানবাহন না চালানোর জন্য পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে, টেলিভিশনে টিভিসি চালানো হয়েছে। খালি পিকাপ ট্রাকে যাত্রী হিসেবে উঠবেন। এরপরও যদি কোনো যাত্রী ট্রাকে পিকাপে ওঠেন তাহলে পুলিশ সদস্যরা দেখামাত্র সড়কের নামিয়ে দেবে। সুতরাং নেমে ভোগান্তিতে পড়ার আগে স্বাভাবিক গণপরিবহন ব্যবহার করুন। অতিরিক্ত যাত্রী হিসেবে বাসে, ট্রেনে বা নৌপরিবহনে গমনাগমন না করতে অনুরোধ জানান আইজিপি। আইজিপি বলেন, যারা জাল টাকার কারবার করেন তারা হুঁশিয়ার হয়ে যান। আমরা গত দুই মাসে ৩ কোটি ৬১ লাখ জাল টাকা উদ্ধার করেছি। কারবারীদের ও গ্রেপ্তার করা হয়েছে। সাম্প্রতিক সময়ে দেড় কোটি জাল টাকা উদ্ধার ও কারবারিদের গ্রেপ্তার করেছি। অজ্ঞান পার্টি, মলম পার্টিসহ যারা প্রতারণা কাজে জড়িত তাদের বিরুদ্ধে অভিযান চলছে। সাবধান হবে যান, প্রতারণামূলক কাজে জড়ালে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। কেউ প্রতারিত হলে সঙ্গে সঙ্গে ৯৯৯ এ খবর দিন পুলিশ ব্যবস্থা নেবে। ঈদের ছুটিতে যারা ঢাকাসহ শহর ছেড়ে গ্রামের বাড়িতে যাবেন তাদের উদ্দেশ্যে আইজিপি বলেন, আমরা ঢাকাসহ বিভিন্ন জেলা পুলিশ কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছি নিরাপত্তা নিশ্চিত করার জন্য। বিভিন্ন পর্যটন কেন্দ্রে ঈদ উপলক্ষে জনসমাগম বাড়বে সে কারণে নিরাপত্তা নিশ্চিতে নির্দেশনা দেওয়া হয়েছে। মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ কর্মকর্তারা দিন-রাত দায়িত্বে নিয়োজিত থাকবেন। ঈদে যারা ঢাকা শহর ছেড়ে ঈদ করতে গ্রামের বাড়িতে যাবেন, তারা নিজেদের প্রয়োজনীয়, গুরুত্বপূর্ণ, মূল্যবান জিনিসপত্র সযত্নে ও নিরাপদে রেখে যাবেন। কেউ কোনো সমস্যায় পড়লে পুলিশকে জানান ফাঁকা ঢাকার নিরাপত্তা নিশ্চিতে পুলিশ সব ইউনিটকে নির্দেশনা দেওয়া রয়েছে।

## স্পিকারের সাথে জাপানের

বন্ধু। ১৯৭৩ সালে জাপান সরকারের আমন্ত্রণে রাষ্ট্রীয় সফরে যান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাংলাদেশ জাতীয় সংসদের প্রতিনিধিদলের সাম্প্রতিক জাপান সফরটি ছিল খুবই ফলপ্রসূ। জাপানের হাউজ অফ রিপ্রেজেনটেটিভসের স্পিকার ও হাউজ অফ কাউন্সিলর্সের প্রেসিডেন্টের সাথে সৌজন্য সাক্ষাতের মাধ্যমে পারস্পরিক সহযোগিতা, ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের পাশাপাশি বাংলাদেশ-জাপান সম্পর্ক আরো সুদৃঢ় হয়েছে। জাপানে সংসদের অধিবেশন পর্যবেক্ষণের মাধ্যমে বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদলের অভিজ্ঞতা সমৃদ্ধ হয়েছে। জাপানের ন্যাশনাল মিউজিয়াম ফর ইমার্জিং সাইন্স এন্ড ইনোভেশন এবং ওসাকাস্থ একুরিয়াম পরিদর্শন স্মরণীয় হয়ে থাকবে বলে উল্লেখ করেন স্পিকার।
বাংলাদেশের সংসদীয় প্রতিনিধিদলের সাম্প্রতিক জাপান সফর জাপানের জন্য অত্যন্ত গৌরবের উল্লেখ করে রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি বলেন, বাংলাদেশ জাপানের অনেক পুরনো বন্ধু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পর বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকারের নেতৃত্বে সংসদীয় প্রতিনিধিদলের জাপান সফর জাপান-বাংলাদেশ সম্পর্কের মাইলফলক। জাপান বাংলাদেশের বিনিয়োগ সহযোগী। ভবিষ্যতে জাপান-বাংলাদেশ সংসদীয় মৈত্রী গ্রুপের সফর বিনিময় দুদেশের সম্পর্ক আরো সুদৃঢ় করবে।
স্পিকার বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলগুলোতে জাপানের বিনিয়োগ বৃদ্ধি এবং তথ্য-প্রযুক্তি, অবকাঠামো উন্নয়ন ইত্যাদি খাতে সহযোগিতা বৃদ্ধিতে কাজ করার জন্য রাষ্ট্রদূতের প্রতি আহ্বান জানান ।
এসময় সংসদ সচিবালয়র উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## সংসদে ২০২৩-২৪ অর্থবছরের

বিভাগ খাতে ২টি মঞ্জুরী দাবিতে আনীত ছাঁটাই প্রস্তাবের ওপর বিরোধী দলের সদস্যরা আলোচনা করেন। পরে কণ্ঠভোটে ছাঁটাই প্রস্তাবগুলো নাকচ হয়ে যায়।
ছাঁটাই প্রস্তাবে আলোচনা করেন জাতীয় পার্টির ফখরুল ইমাম, রুস্তম আলী ফরাজী, শামীম হায়দার পাটোয়ারী, রওশন আরা মান্নান, পীর ফজলুর রহমান, গণফোরামের মোকাব্বির খান এবং স্বতন্ত্র সদস্য রেজাউল করিম বাবলু।
এরপর সংসদ সদস্যরা টেবিল চাপড়িয়ে নির্দিষ্টকরণ বিল-২০২৩ পাসের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরের বাজেট অনুমোদন করেন।
এর আগে গতকাল ২৫ জুন সংসদে অর্থ বিল ২০২৩ পাসের মাধ্যমে বাজেটের আর্থিক ও কর প্রস্তাব সংক্রান্ত বিধি-বিধান অনুমোদন করা হয়।
এদিকে ২০২৩-২৪ অর্থ বছরের বাজেটে পরিচালনসহ অন্যান্য খাতে ব্যয় ধরা হয়েছে ৪ লাখ ৩৬ হাজার ২৪৭ কোটি টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ দেয়া হয়েছে ২ লাখ ৬৩ হাজার কোটি টাকা।
বাজেটে মোট রাজস্ব আয় ধরা হয়েছে ৫ লাখ কোটি টাকা। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রে আয় ধরা হয়েছে ৪ লাখ ৩০ হাজার কোটি টাকা এবং অন্যান্য সূত্র থেকে কর রাজস্ব ধরা হয়েছে ৭০ হাজার কোটি টাকা। এর মধ্যে এনবিআর বহির্ভূত ২০ হাজার কোটি টাকা, কর ব্যতিত প্রাপ্তি ৫০ হাজার কোটি টাকা।
সামগ্রিক বাজেট ঘাটতি ২ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা দেখানো হয়েছে, যা জিডিপির ৫.২ শতাংশ। ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে ঘাটতি ছিল জিডিপির ৫.১ শতাংশ।
এ ঘাটতি অর্থায়নে বৈদেশিক ঋণ থেকে ১ লাখ ৬ হাজার ৩৯০ কোটি টাকা, অভ্যন্তরীণ উৎস থেকে ১ লাখ ৫৫ হাজার ৩৯৫ কোটি টাকা আহরণ করা হবে। বৈদেশিক ঋণের মধ্যে ঋণ পরিশোধ খাতে ২৪ হাজার ৭ শ' কোটি রাখা হয়েছে। অভ্যন্তরীণ উৎসের মধ্যে ব্যাংক ব্যবস্থা থেকে ১ লাখ ৩২ হাজার ৩৯৫ কোটি টাকা এবং সঞ্চয়পত্র ১৮ হাজার কোটি টাকা, ব্যাংক বহির্ভূত উৎস থেকে ২৩ হাজার কোটি টাকা এবং অন্যান্য খাত থেকে ৫ হাজার কোটি টাকা সংস্থানের ব্যবস্থা রাখা হয়েছে।
বাজেটে মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৭.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এছাড়া মূল্যস্ফীতি ৬ শতাংশ নির্ধারণ করা হয়েছে।
বাজেটে সামাজিক অবকাঠামো খাতে বরাদ্দ রাখা হয়েছে ১ লাখ ৯১ হাজার ৯০৮ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২৫.২ শতাংশ; এর মধ্যে মানবসম্পদ খাতে (শিক্ষা, স্বাস্থ্য এবং সংশ্লিষ্ট অন্যান্য খাত) বরাদ্দ দেয়া হয়েছে ১ লাখ ৭৫ হাজার ৭৭৪ কোটি টাকা। ভৌত অবকাঠামো খাতে ২ লাখ ২৪ হাজার ১০৮ কোটি টাকা বা ২৯.০৪ শতাংশ; যার মধ্যে সার্বিক কৃষি ও পল্লী উন্নয়ন খাতে ৯৩ হাজার ৪১ কোটি; যোগাযোগ অবকাঠামো খাতে ৮৫ হাজার ১৯১ কোটি এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতে ৩৪ হাজার ৮১৯ কোটি টাকা। সাধারণ সেবা খাতে ১ লাখ ৬২ হাজার ৫৭০ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২১.০৩ শতাংশ। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি), বিভিন্ন শিল্পে আর্থিক সহায়তা, ভর্তুকি, রাষ্ট্রায়ত্ত, বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠানে বিনিয়োগের জন্য ব্যয় বাবদ বরাদ্দ দেয়া হয়েছে ৭৯ হাজার ৯০১ কোটি টাকা, যা মোট বরাদ্দের ১০.০৫ শতাংশ; সুদ পরিশোধ বাবদ বরাদ্দ দেয়া হয়েছে ৯৪ হাজার ৩৭৬ কোটি টাকা, যা মোট বরাদ্দের ১২.০৪ শতাংশ; নিট ঋণদান ও অন্যান্য ব্যয় খাতে ৮ হাজার ৯২২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ১.০২ শতাংশ।
বাজেটে সামাজিক নিরাপত্তা, যোগাযোগ অবকাঠামো, ভৌত অবকাঠামো, আবাসন, শিক্ষা, স্বাস্থ্য, বিজ্ঞান-প্রযুক্তি, কৃষি, মানবসম্পদ উন্নয়ন খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।

## সিন্ডিকেটের বিরুদ্ধে ব্যবস্থা নিলে

খাতে ছাঁটাই প্রস্তাবের ওপর আলোচনায় বিরোধী দলের সদস্যদের অভিযোগ প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, বার বার একটা কথা উঠে আসছে যে, আমি ব্যবসায়ী, ব্যবসায়ীরা আমার জন্য সুবিধা পাচ্ছেন। যারা এই কথাগুলো বলেছেন, তাদের উদ্দেশ্যে একটা কথা বলি। তাদের রাজনীতির কত বছরের অভিজ্ঞতা আমি জানি না, আমি কিন্তু ৫৬ বছর ধরে রাজনীতি করি। আমি কিন্তু ব্যবসা করি আজকে ৪০/৪২ বছর। তিনি বলেন, একজন তো বললেন আমাকে পদত্যাগ করতে। খুব ভালো কথা বলেছেন। আমি প্রধানমন্ত্রীকে বলব আমাকে ছেড়ে তাকে দায়িত্বটা দিতে পারেন। দাম বেড়েছে, আমাদের প্রধানমন্ত্রী কিন্তু বলেছেন মানুষ কষ্টে আছে। কারণটা কী? আমরা কি শুধু আমাদের জন্যই আমরা এই অবস্থায় এসেছি। না একটা বৈশ্বিক পরিস্থিতি আমাদের ওপর প্রভাব ফেলেছে। সেটাও কিন্তু আমাদের হিসাবের মধ্যে আনতে হবে। তিনি আরও বলেন, অনেকগুলো কথা বলা হয়েছে, যেমন জ্বালানির কথা আসছে, জ্বালানিটা আমি দেখি না। ডিম সেটা তো আমি খবর জানি না, ডিমের দাম বাড়া বা কমার বিষয়টি, যে মন্ত্রণালয় আছে, তারা ঠিক করে দেয়। দাম বেড়েছে কোনো সন্দেহ নেই। পেঁয়াজের কথা বলা হয়েছে। আমরা আলোচনা করে ঠিক করেছিলাম যাতে কৃষকরা একটু দাম পান। পেঁয়াজে আমাদের ৬ থেকে ৭ লাখ টন ঘাটতি আছে। মন্ত্রী বলেন, যদি কৃষকরা একটু ভালো মূল্য পান, তাহলে তারা উৎপাদনের দিকে মনোযোগী হবেন। এ কথা ঠিক যে, ৮০ টাকা বা ৯০ টাকা হওয়া যৌক্তিক নয়। আমরা চেষ্টা করেছি, আমদানির ব্যবস্থা করেছি, আমরা চাইছিলাম না পেঁয়াজটা আমদানি করতে। দেশেরটাই ব্যবহার করতে চেয়েছিলাম, যাতে মানুষ ন্যায্যমূল্য পায়। কিন্তু তারপরও প্রধানমন্ত্রী বলেছেন দাম বেড়ে গেছে, আমরা আমদানির ব্যবস্থা নিয়েছি, দাম কমতে শুরু করেছে। মন্ত্রী বলেন, আজ এত দুরবস্থার মধ্যেও কিন্তু আমরা ৫৮ বিলিয়ন রপ্তানি করেছি। গতবারের তুলনায় ৭ থেকে ৮ ভাগ বেশি হয়েছে। এত সংকটের মধ্যেও আমাদের রপ্তানির মান বেড়ে চলেছে, সেটা কিন্তু বলা দরকার। পেঁয়াজের দাম ১০-১৫ দিনের মধ্যে ৫০ টাকার মধ্যে চলে আসবে। আমরা মনে করি দেশি পেঁয়াজ ৪৫ থেকে ৫০ টাকার মধ্যে থাকলে সব পক্ষের উপকার হয়।

## ঢাকায় ঢুকছে গরু বের হচ্ছে

করেই শেকড়ের টানে গ্রামে ফিরছেন মানুষ। সোমবার (২৬ জুন) বিকেলে সাভারের চন্দ্রা-নবীনগর, ঢাকা-আরিচা ও বাইপাইল-আবদুল্লাহপুর মহাসড়কের বিভিন্ন বাসস্ট্যান্ড ঘুরে দেখা যায়, বাজারে গরু নামিয়ে ফেরার সময় ওই একই ট্রাকে উঠে বাড়ি ফিরছেন মানুষ। অন্য দিকে একের পর এক গরু ভর্তি ট্রাক প্রবেশ করছে ঢাকায়। বেশ ঝুঁকি নিয়ে ঈদ উদযাপনের জন্য গ্রামে ফিরছে মানুষ। ট্রাকে করে রাজশাহী যাবেন পোশাক শ্রমিক আলমগীর হোসেন। তিনি বলেন, আমরা আগে সকালেই বের হয়েছি গ্রামে ফেরার জন্য। বাসের তো টিকিটই পাওয়া যায় না। টিকিট ছাড়া যেসব বাস ছাড়ে সেসব বাসের ভাড়া ডাবল। এজন্য গ্রামে যেতে ট্রাকে করে ঝুঁকি হলেও বাধ্য হচ্ছি। আমি এই নিয়ে দুই বার ট্রাকে যাত্রা করছি। এর আগে ট্রাকে কম ভাড়ায় বাড়ি পৌঁছাতে পেরেছি। ঝুঁকি থাকলেও কিছু করার নেই। কারণ আমাদের তো আয় সীমিত। অপর যাত্রী আসমা বলেন, আমরা ঈদে ট্রাকেই বেশি যাতায়াত করি। আমি মেয়ে মানুষ, তাই ট্রাকে উঠতে আর নামে একটু সমস্যা হয়। এছাড়া আর কোন সমস্যা হয়। একটু কষ্ট হয়, তবুও তো কম ভাড়ায় বাড়ি যেতে পারি। আমাদে পরিবারের সদস্য ৫ জন। বাসে যেতে গেলে কমপক্ষে ৫ থেকে ৬ হাজার টাকা লাগে। কিন্তু ট্রাকে গেলে খরচ হয় অর্ধেক। ঝুঁকি আছে জানি, কিন্তু রোদ আর বৃষ্টি ছাড়া আর কোন সমস্যা দেখি না। ট্রাক ভর্তি গরু নিয়ে ঢাকায় প্রবেশ করছেন ট্রাকচালক লিটন। তিনি বলেন, ঈদে আমরা শুধু গরু নিয়ে ঢাকায় প্রবেশ করি। ফিরে যেতে হয় খালি। তেলের দাম বেশি হওয়ায় আমাদের তেমন লাভ হয় না। ঈদ তো আমাদেরও আছে। এজন্য আমরা ফেরার সময় যা পাই তাই নিয়ে ফিরে যাই। এতে আমাদের বাড়তি কিছু টাকা আসে। যা নিয়ে আমরা ছেলেমেয়েদের নতুন জামা কিনতে পারি। ট্রাকে ভর্তি মানুষ নিয়ে উত্তর বঙ্গে যাচ্ছেন চালক মোহাম্মদ আলী। তিনি বলেন, ট্রাকে মানুষ তো জোর করেই ওঠে। আমরা তো ডেকে তুলি না। তাদের ট্রাকে না তুললে উল্টো বকাবকি করেন। আমাদের কি দোষ। লোক গাড়িতে উঠলে অনেক সময় আমাদের জরিমানা দিতে হয়। আমরা নিজেরাই কষ্টে আছি। গাড়িতে লোক উঠালেও দোষ না উঠালেও দোষ। আমাদের ভাড়া তারা বেশি দেয় এমনটাও না। স্বল্প ভাড়ায় আমরা তাদের পৌঁছে দেই। ঢাকা জেলা উত্তরের ট্রাফিক বিভাগের অ্যাডমিন চৌধুরী শহীদ বলেন, পণ্যবাহী যানবাহনে মানুষ পরিবহন করা অবৈধ। আমরা এসব যানবাহন পেলে অবশ্যই আইনগত ব্যবস্থা গ্রহণ করব। গত ঈদেও আমরা এমন পরিবহনকে ড্যাম্পিং করেছি বেশ কিছু মামলাও হয়েছিল। এবারও আমরা ব্যবস্থা নেব।

## প্রণোদনায় খুশি নন সরকারি

আন্দোলনে যাওয়ার হুমকি দিয়েছেন তারা। জানতে চাইলে বাংলাদেশ সরকারি কর্মচারী দাবি আদায় ঐক্য পরিষদের নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান বলেন, প্রধানমন্ত্রীর ৫ শতাংশ প্রণোদনা ঘোষণায় বেতন বাড়ার জট খুলেছে। কিন্তু এটা বর্তমান বাজারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি বলেন, আমরা প্রণোদনা চাইনি, চেয়েছি বেতন বৃদ্ধি বা মহার্ঘ্য ভাতা। মুজিববর্ষে দিলে সেটা হতো প্রণোদনা। এখন বাস্তবতার সঙ্গে মিল রেখে বেতন-ভাতা বাড়ানো দরকার। প্রণোদনায় কাজ হবে না। ঈদের ছুটির পর সব সংগঠনের সঙ্গে বসে পরবর্তী কর্মসূচি দেওয়া হবে বলে জানান তিনি।
জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, বর্তমান বাজারের সঙ্গে মিল রেখে বেতন বাড়ালে কমপক্ষে ১৫ থেকে ২০ শতাংশ বেতন বৃদ্ধি করা প্রয়োজন। সেখানে ৫ শতাংশ বেতন বাড়ানো যুক্তিযুক্ত নয়। তার যুক্তি, গত আট বছরে প্রতি বছর ইনক্রিমেন্ট দিয়েছে ৫ শতাংশ করে। তাহলে মোট বাড়ল ৮দ্ধ৫=৪০ শতাংশ, এর সঙ্গে প্রণোদনা ৫ শতাংশসহ মোট ৪৫ শতাংশ বাড়ছে বলা যায়। কিন্তু দ্রব্যমূল্য বেড়েছে গড়ে ১০০-১১০ শতাংশ। বাকি ৫৫ থেকে ৬৫ শতাংশ গ্যাপ কীভাবে পূরণ করবেন চাকরিজীবীরা? অবশ্য অনেকে মনে করছেন, এই সংকটের সময়ে প্রণোদনা দেওয়াটাই যথেষ্ট। এখন পে-স্কেল দেওয়া বা বড় পরিসরে বেতন বৃদ্ধির সময় নয়।এ বিষয়ে প্রতিক্রিয়া জানতে চাইলে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা মির্জা আজিজুল ইসলাম বলেন, বর্তমানে মূল্যস্ফীতি ৯ দশমিক ৯৪ শতাংশ চলছে। ৫ শতাংশ ইনক্রিমেন্ট এবং ৫ শতাংশ প্রণোদনা দিলেই সেটি কাভার হয়ে যায়। তাই আমি মনে করি, বৈশ্বিক ও দেশীয় অর্থনৈতিক পরিস্থিতি চিন্তা করে সরকারি কর্মচারীদের সন্তুষ্ট থাকা উচিত। আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, সরকারি কর্মচারীদের আন্দোলন করার কোনো সুযোগ নেই। পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর বলেন, বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে সরকার যে অন্তত প্রণোদনা দিয়েছে সেজন্য তাকে সাধুবাদ জানাই। এবার নির্বাচনি বছর দেখে হয়ত এ ধরনের সিদ্ধান্ত নিয়েছে। না হলে এই পরিস্থিতিতে প্রণোদনাও সম্ভব ছিল না। তিনি মনে করেন, এ বিষয়টি আপৎকালীন অর্থনীতির জন্য ভালো। যখন মূল্যস্ফীতি কম হবে তখন পে-স্কেল দেওয়া উচিত হবে।

**কত টাকা লাগবে**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের তথ্য বলছে, দেশে সরকারি চাকরিজীবী প্রায় ১৪ লাখ। এর সঙ্গে সামরিক-বেসামরিক কর্মকর্তা-কর্মচারী, স্বায়ত্তশাসিত ও বিভিন্ন কর্পোরেশন এবং এমপিওভুক্ত শিক্ষকসহ এ সংখ্যা প্রায় ২২ লাখ। চলতি অর্থবছরে সরকারি চাকরিজীবীদের বেতন-ভাতা খাতে ৭৩ হাজার ১৭৩ কোটি টাকা খরচ হয়েছে। আগামী অর্থবছরে বেতন-ভাতা বাবদ ৭৭ হাজার কোটি টাকা বরাদ্দের খসড়া তৈরি করেছে অর্থ বিভাগ। সেখানে আরও ৫ শতাংশ প্রণোদনার জন্য সরকারের বাড়তি ব্যয় হবে তিন থেকে চার হাজার কোটি টাকা।

**কার্যকর জুলাই থেকেই**

প্রণোদনার টাকা কবে থেকে পাবেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা-এমন প্রশ্নের জবাবে অর্থ বিভাগের একজন অতিরিক্ত সচিব বলেন, প্রধানমন্ত্রী রোববার এ ঘোষণা দিয়েছেন, মানে এটা হবে ধরেই নেব। তারপর অফিসিয়াল প্রক্রিয়া শেষ করতে এক থেকে দেড় মাস লাগতে পারে। প্রথমে কত টাকা লাগবে তার একটি সারসংক্ষেপ অর্থ মন্ত্রণালয় থেকে তৈরি করে অর্থমন্ত্রী হয়ে প্রধানমন্ত্রীর সম্মতির জন্য পাঠানো হবে। তারপর কোন মন্ত্রণালয় ও বিভাগ কত টাকা পাবে তা তাদের দিতে হবে। তিনি বলেন, এটা যে মাসেই হোক তা কার্যকর হবে জুলাই মাসের প্রথম দিন থেকে। ২০১৫ সালে ৮ম পে-স্কেল দেওয়ার সময় বলা হয়েছিল, প্রতি বছর ৫ শতাংশ হারে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) হবে সরকারি কর্মচারীদের। সে অনুযায়ী তা হয়েও আসছে। ওই পে-স্কেলে বলা ছিল মূল্যস্ফীতির সঙ্গে সমন্বয় করে প্রতি বছর ইনক্রিমেন্ট দেওয়া হবে। কিন্তু প্রতি বছর ৫ শতাংশ ইনক্রিমেন্টে দেওয়া হচ্ছে। ইনক্রিমেন্টের পরিমাণ বাড়ছে না। নতুন করে বেতন বৃদ্ধি ও পে-স্কেলও দেওয়া হয়নি। এছাড়া মহার্ঘ্য ভাতা বা অন্য কোনো সুযোগ-সুবিধাও এর মধ্যে দেওয়া হয়নি। এদিকে, ইউক্রেন-রাশিয়া যুদ্ধসহ বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে দেশে দ্রব্যমূল্য বেড়েছে ক্ষেত্র বিশেষে ১৫০ শতাংশ পর্যন্ত। মূল্যস্ফীতি এখন দশের কাছাকাছি। এজন্য দীর্ঘদিন ধরে নতুন পে-স্কেল দেওয়ার জন্য আন্দোলন করে আসছিলেন সরকারি কর্মচারীরা।

## খাদ্যশস্য আমদানি কমাচ্ছে সরকার

সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ১৭ লাখ ৩৫ হাজার মেট্রিক টন থেকে বাড়িয়ে চাল কেনা হবে ১৯ লাখ ৬১ হাজার মেট্রিক টন। আর গম কেনা এক লাখ মেট্রিক টন। অভ্যন্তরীণ পর্যায় থেকে চাল ও গম কেনার জন্য আগামী অর্থবছরে বরাদ্দ রাখা হয়েছে ৯ হাজার ১০০ কোটি টাকা। চলতি অর্থবছরে এ খাতে বরাদ্দ রয়েছে ৭ হাজার ২০৭ কোটি টাকা। সূত্র আরো জানায়, বিগত ১৪ জুন পর্যন্ত চাল আমদানি হয়েছে ১০ লাখ ৫৫ হাজার টন এবং গম ৩৪ লাখ ৪০ হাজার টন। একই সময়ে দেশের অভ্যন্তরীণ পর্যায় থেকে ৫ লাখ ২৩ হাজার ৭৫ মেট্রিক টন চাল এবং ৮৬ হাজার ৩৮৫ টন ধান সংগ্রহ করা হয়েছে। সাধারণত সরকার চাল ও গম সংগ্রহ করে সামাজিক নিরাপত্তার বিভিন্ন কর্মসূচির মাধ্যমে তা বিতরণ করে। আগামী ২০২৩-২৪ অর্থবছরে চাল ও গম বিতরণের লক্ষ্যমাত্রা কমানো হয়েছে। চলতি অর্থবছরে চাল ও গম মিলে ২ হাজার ৩ মেট্রিক টন বিতরণের লক্ষ্যমাত্রা থেকে কমিয়ে আগামী অর্থবছরের জন্য ১ হাজার ৯২৩ মেট্রিক টন নির্ধারণ করা হয়েছে। মূলত খাদ্যশস্য সংগ্রহে এক ধরনের ব্যালেন্স করা হয়। যেমন চলতি অর্থবছরে অভ্যন্তরীণ পর্যায় থেকে কম কেনাকাটা করা হয়েছে। কিন্তু খাদ্যশস্য আমদানির পরিমাণ ছিল বেশি। আবার আগামী অর্থবছরে আমদানি কমানো হলেও অভ্যন্তরীণ পর্যায়ে সংগ্রহ বেশি পরিমাণ করা হবে। তবে কৃষক যেন ন্যায্যমূল্য পায় সেজন্য প্রতি কেজি চালের মূল্য ৪৪ টাকা ধরা হয়। কারণ কৃষক মূল্য কম পেলে সরকারকে ধান ও চাল দিতে আগ্রহবোধ করবে না। এদিকে খাদ্যশস্য কম আমদানি প্রসঙ্গে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার জানান, দেশে আমন ও বোরো ধানের উৎপাদন ভালো হয়েছে। এরপরও খাদ্যশস্যের চাহিদা বৃদ্ধি পেলে তা আগামী সংশোধিত বাজেটে বরাদ্দ বাড়ানো যাবে। এ ছাড়া অন্যান্য বছর কষ্ট করতে হলেও অভ্যন্তরীণ সংগ্রহের ক্ষেত্রে এ বছর কষ্ট করতে হচ্ছে না। কারণ অভ্যন্তরীণ সংগ্রহের পরিস্থিতি ভালো।

## কোরবানির ঈদে ৬ দিন বন্ধ বাংলাবান্ধা স্থলবন্দর

**নিজস্ব প্রতিবেদক :** আসন্ন ঈদুল আজহা উপলক্ষে মঙ্গলবার থেকে টানা ছয় দিন বন্ধ থাকবে পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলার চতুর্দেশীয় বাংলাবান্ধা স্থলবন্দরের আমদানি-রপ্তানি। গতকাল সোমবার সকালে বাংলাবান্ধা আমদানি-রপ্তানি গ্রুপ এ তথ্য নিশ্চিত করেছেন। বাংলাবান্ধা স্থলবন্দর সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশন যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর আলমের সই করা এক চিঠিতে বলা হয়েছে, ঈদুল আজহা উপলক্ষে স্থলবন্দর কাস্টমস, বাংলাবান্ধা সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশন ও বাংলাবান্ধা আমদানি রপ্তানিকারক গ্রুপের সিদ্ধান্ত মতে মঙ্গলবার সকাল থেকে ২ জুলাই পর্যন্ত বাংলাবান্ধা স্থলবন্দরের আমদানি রপ্তানি বন্ধ থাকবে। ৩ জুলাই থেকে তেঁতুলিয়ার বাংলাবান্ধা ও ভারতের ফুলবাড়ি স্থলবন্দর দিয়ে আবারও পণ্য আমদানি-রপ্তানি কার্যক্রম শুরু হবে। তবে স্থলবন্দর বন্ধের সময়ও বাংলাবান্ধা ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে বাংলাদেশ-ভারত যাতায়াত স্বাভাবিক স্বাভাবিক থাকবে।




## পাগলাকানাই ইউনিয়নে অসহায় দরিদ্রদের মাঝে ভিজিএফ'র চাউল বিতরন

**ময়না খাতুন :** পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহের পাগলাকানাই ইউনিয়নের অসহায় দরিদ্রদের মাঝে ভি জি এফ'এর চাউল বিতরন করেন পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস । সোমবার ইউনিয়ন পরিষদে এ চাউল বিতরন করা হয়। চাউল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউপি ট্যাগ অফিসার সহকারী ইন্সট্রাক্টর বিকাশ সরকার, সচিব বিশ্বজিৎ কুমার বিশ্বাস ও ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ।

ইউপি চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস জানান, ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ১৫৪৬ জন কার্ডধারী দুঃস্থদের মাঝে ১০ কেজি করে চাউল বিতরণ করা হয়। প্রধানমন্ত্রীর উপহার হিসেবে এসব চাল বিতরণ করা হয়।

## গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড এর জিএসটি (GST) লিডারশিপ রিসেপশন প্রোগাম-২০২৩ অনুষ্ঠিত

গত ২৩ জুন ২০২৩ ইং তারিখ রোজ শুক্রবার গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড এর প্রধান কার্যালয়ের "জিএসটি (GST) লিডারশিপ রিসেপশন প্রোগাম-২০২৩" অনুষ্ঠিত হয়। কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব আমজাদ হোসেন খান চৌধুরীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অথিতি




হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানীর উপদেষ্টা জনাব এম. তৌহিদুল আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বাবু সুমল কান্তি দাশ, জনাব মোঃ জসিম উদ্দিন- উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান বন্ধু বীমা, জনাব মোঃ কামাল হোসেন- উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান মুদারাবা, জনাব মোহাম্মদ আক্তার হোসেন দিদার-উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান আল-ফালাহ,জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন- উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান তাকাফুল, জনাব মোঃ আবদুর রহমান মিয়া- উপ ব্যবস্থাপনা পরিচালক একক বীমা, জনাব মোঃ করিব হোসেন- উপ ব্যবস্থাপনা পরিচালক একক বীমা, জনাব মোঃ সেলিম উদ্দিন- উপ ব্যবস্থাপনা পরিচালক একক বীমা, জনাব মোঃ এনায়েত উল্যাহ স্বপন, উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান জিডিপিএস, জনাব মোঃ আল-আমিন চৌধুরী- উপ ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প প্রধান আইডিপিএস, জনাব মোঃ মকসুদুর রহমান- সহকারী ব্যবনস্থাপনা পরিচালক (আইটি), জনাব মোঃ ফিরোজ আলম- প্রধান আর্ধিক কর্মকর্তা, জনাব মুহম্মদ মনিরুল ইসলাম খান- সহকারী ব্যবনস্থাপনা পরিচালক (অর্থ ও হিসাব) এবং ইনচার্জ প্রশাসন ও মানব সম্পদ।



## মেহেরপুরে প্রতিবন্ধী শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর সদর উপজেলার উদ্যোগে ও ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিবি) অর্থায়নে চলাচলে অক্ষম প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলা পরিষদের হলরুমে হুইল চেয়ার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অক্ষম প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম। এসময় উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা প্রমুখ উপস্থিত ছিলেন।

## গাংনীতে অজ্ঞান পার্টির খপ্পরে ৬ লাখ টাকা খাওয়ালেন গরু ব্যবসায়ী



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী বামন্দি হাটে আসার সময় অজ্ঞান পাটির খপ্পরে পড়ে ৬ লাখ টাকা খুইয়েছেন তহিদুল ইসলাম (৪৫) নামের এক গরু ব্যবসায়ি। সোমবার বেলা ১১টার দিকে কুষ্টিয়ার মিরপুর থেকে বামন্দী হাটে আসার সময় এ ঘটনা ঘটে। তহিদুল ইসলাম মিরপুর বাসস্ট্যান্ড এলাকার সাইফুল বিশ্বাসের ছেলে। অসুস্থ তহিদুলকে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। স্থানীয়রা জানান, তোহিদুল ইসলাম গরু কেনার জন্য কুষ্টিয়ার মিরপুর বাসস্ট্যান্ড থেকে লোকাল বাসে তিনি মেহেরপুরের গাংনী বামন্দী হাটে আসছিলেন। পথিমধ্যে তাকে অচেতন করে তার কোমরে থাকা ব্যাগের মধ্য থেকে ৬ লাখ টাকা নিয়ে চলে যায় অজ্ঞান পার্টির সদস্যরা। অসুস্থ অবস্থায় তোহিদুলকে তেরাইল বাজারে নামিয়ে দেয় লোকাল বাসটি। এসময় স্থানীয়রা তার কাছ থেকে ঘটনার বর্ণনা শুনে হাসপাতালে ভর্তির উদ্যোগ নেয়। পরে বামন্দী পশু হাটে থাকা তার স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তোহিদুলকে নিয়ে কুষ্টিয়ার মিরপুর হাসপাতালের উদ্দেশ্যে রওনা দেন। গত দুই সপ্তাহ আগে একইভাবে দুই ব্যবসায়ীকে অচেতন করে আড়াই লাখ টাকা নিয়ে যায় অজ্ঞান পার্টির সদস্যরা। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।




## গাংনীতে ঈদুল আজহার শুভেচ্ছা র‍্যালী

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে ঈদুল আজহা উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়ে র‍্যালী করেছে গাংনী মডেল মাদ্রাসা অ্যান্ড দারুল হিফজ। মঙ্গলবার সকাল সাড়ে আটটার সময় গাংনী মডেল মাদরাসা প্রাঙ্গণ থেকে র‍্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। গাংনী মডেল মাদ্রাসা ও দারুল হিফজ এর সভাপতি আশফাকুল ইসলামের নেতৃত্বে র‍্যালীতে অংশ নেন মডেল মাদ্রাসা ও দারুল হিফজ এর পরিচালক ওয়াজ করনী জামিল, প্রধান শিক্ষক মিজানুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

## যুক্তরাষ্ট্রকে পরমাণু যুদ্ধের হুঁশিয়ারি উত্তর কোরিয়ার

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রকে পরমাণু যুদ্ধের হুঁশিয়ারি দিয়েছে উত্তর কোরিয়া। পিয়ংইয়ংয়ে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত গণসমাবেশে যুক্তরাষ্ট্রকে ধ্বংস করতে 'প্রতিশোধ যুদ্ধের' ঘোষণা দিয়েছে লাখো মানুষ। তবে এ ঘটনার নিন্দা জানিয়েছে যুক্তরাষ্ট্র। উত্তর কোরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাত দিয়ে গতকাল সোমবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স। প্রতিবেদনে বলা হয়েছে,কোরীয় যুদ্ধ শুরুর ৭৩তম বার্ষিকী উপলক্ষে পিয়ংইয়ংয়ে গণসমাবেশ করেছে উত্তর কোরিয়া। সেখানে লোকেরা যুক্তরাষ্ট্রকে ধ্বংস করার জন্য প্রতিশোধের যুদ্ধের স্লোগান দেন বলে গতকাল সোমবার দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে। উত্তর কোরিয়ার সরকারি সংবাদমাধ্যম দ্য কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সির (কেসিএনএ) জানিয়েছে, গত রোববার পূর্ব এশিয়ার এই দেশটির রাজধানীজুড়ে অনুষ্ঠিত সমাবেশে প্রায় ১ লাখ ২০ হাজার শ্রমজীবী মানুষ এবং শিক্ষার্থীরা অংশ নেয়। রাষ্ট্রীয় মিডিয়ায় প্রকাশিত ছবিতে দেখা গেছে, একটি বিশাল স্টেডিয়ামে প্রচুর মানুষ জড়ো হয়। হাতে লেখা প্ল্যাকার্ডে ছিল, যুক্তরাষ্ট্রের পুরো ভূখণ্ড আমাদের হামলার গোলার আওতার মধ্যে।



## পাকিস্তানে বজ্রপাতে ১০ জনের প্রাণহানি

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানে বর্ষা মৌসুমকে সামনে রেখে আবহাওয়া পরিস্থিতি ক্রমেই অবনতি হচ্ছে। গত রোববার বজ্রপাত ও ভারী বৃষ্টিতে অন্তত ১১ জনের প্রাণহানি হয়েছে। তাছাড়া এ ঘটনায় আহত হয়েছে আরও ১৫ জন। খবর জিও নিউজের। পাঞ্জাবের নারোওয়াল, পসরুর, শেখুপুরা ও শিয়ালকোটে বজ্রপাতে ১০ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে শিশুও রয়েছে। এতে আহত হয়েছে সাত জন। লাহোরে ভারী বৃষ্টিপাতের ফলে শতধিক বিদ্যুৎ ফিডার বিছিন্ন হয়ে গেছে। এদিকে দেশটির সবচেয়ে বড় প্রদেশেও প্রচণ্ড বৃষ্টিপাত হচ্ছে। সেখানের নাগরিকরা একাধিক সমস্যার সম্মুখীন। লোডশেডিংয়ের পাশাপাশি রাস্তা-ঘাট পানিতে ডুবে গেছে।এদিকে খাইবার পাখতুনখোয়ায় অবিরাম বৃষ্টি অব্যাহত থাকায় বুনেরের তখতা বান্দ গ্রামে একটি বাড়ির ছাঁদ ধসে এক নারীর মৃত্যু হয়েছে। এতে আহত হয়েছেন ছয়জন। ভারী বৃষ্টি হচ্ছে শাবকদর, সোয়াত, চরসাদ্দা, মানসেহরা, লোয়ার দির, সোয়াবি ও উত্তর ওয়াজিরিস্তানেও। বেলুচিস্তানের শেলা বাগ, টোবা আচাকজাই, মুসা খেলা, জিয়ারাত উপত্যকা, নোশকি ও ওয়াশুকেও বৃষ্টি হয়েছে।

## হন্ডুরাসে সহিংসতায় নিহত ২৪



**আন্তর্জাতিক ডেস্ক :** হন্ডুরাসের উত্তরাঞ্চলীয় দুটি শহরে সহিংসতায় ২৪ জন নিহত হয়েছেন। গত রোববার ওই দুই অঞ্চলে কারফিউ জারি করেছে দেশটির সরকার। গতকাল সোমবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে রয়টার্স ও বিবিসি। খবরে বলা হয়েছে, হন্ডুরান সরকার দেশে ক্রমবর্ধমান সহিংসতার মধ্যে পৃথক হামলায় ঘটনায় রাতের আঁধারে ২০ জনেরও বেশি লোক নিহত হওয়ার পরে উত্তরাঞ্চলীয় দুটি শহরে রোববার কারফিউ জারি করেছে। গত শনিবার রাতে উত্তরাঞ্চলীয় শহর চোলোমার একটি বিলিয়ার্ডস হলে ভারী অস্ত্রধারীরা গুলিবর্ষণ করে। এতে ১৩ জন নিহত এবং আরও একজন গুরুতর আহত হয়। এ ছাড়া একইদিন গত শনিবার শিল্পনগরী সান পেদ্রো সুলেসহ উত্তরাঞ্চলীয় ভ্যালে দে সুলা অঞ্চলজুড়ে পৃথক সহিংসতার ঘটনায় কমপক্ষে আরও ১১টি হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন পুলিশ প্রেস পারসন এডগার্দো বারাহোনা। এসব সহিংসতার মধ্যে হন্ডুরাসের প্রেসিডেন্ট জিওমারা কাস্ত্রো আগামী ১৫ দিন চোলোমাতে রাত ৯টা থেকে ভোর ৪টার পর্যন্ত কারফিউ জারি করেছেন। তার এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং সান পেদ্রো সুলেতে কারফিউ কার্যকর হবে ৪ জুলাই থেকে। হন্ডুরাসের প্রেসিডেন্ট জিওমারা কাস্ত্রো টুইটারে বলেছেন, সহিংসতার ঘটনায় একাধিক অপারেশন, অভিযান, আটক এবং চেকপয়েন্ট স্থাপনের কাজ শুরু করা হয়েছে।

## উড়িষ্যা রাজ্যে দুই বাসের সংঘর্ষে নিহত ১২

**আন্তর্জাতিক ডেস্ক :** পূর্ব ভারতের উড়িষ্যা রাজ্যে বিয়েবাড়িতে থেকে ফেরার পথে দুই বাসের সংঘর্ষে নিহত হয়েছে ১২ জন। এর মধ্যে একই পরিবারের সাতজন। এ ঘটনায় গুরুতর আহত হয়েছে আরো সাতজন। গত রোববার দিবাগত রাতে রাজ্যের বেরহামপুর-তপ্তপানি সড়কে এ দুর্ঘটনা ঘটে। বেরহামপুরের কাছাকাছি একটি বিয়েবাড়িতে গিয়েছিলেন তারা। গভীর রাতে বিয়েবাড়ি থেকে ফেরার পথে বেরহামপুর-তপ্তপানি সড়কে অন্য একটি বাসের সাথে সংঘর্ষ হয় বিয়েবাড়ির বাসটির। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাস্থলেই ১২ জন নিহত হয়েছে।

তাদের মধ্যে একই পরিবারের সাতজন। এ ঘটনায় আরো সাতজন বেশ কয়েকটি হাসপাতালে ভর্তি রয়েছে। অবস্থা সঙ্কটজনক হওয়ায় দু'জনকে কটকের হাসপাতালে নেয়া হয়েছে। নিহতের সংখ্যা আরো বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।

## 'স্বামীর সম্পত্তির অর্ধেক স্ত্রীর'

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের হাইকোর্ট ঐতিহাসিক রায় দিয়েছেন নারীদের পক্ষে। এখন থেকে ভারতীয় নারীরা তাদের স্বামীর সম্পত্তির সমান অধিকার পাবেন। তাৎক্ষণি প্রতিক্রিয়ায় মুসলিম নেতারা বলেছেন, এটি ইসলাম ধর্মের সঙ্গে সাংঘর্ষিক। ভারতের মাদ্রাজ হাইকোর্ট বলেন, তাদের কাজের কোনো নির্দিষ্ট সময় নেই। ৩৬৫ দিনে একদিনও তারা ছুটি পান না। পরিবার আর সংসারের জন্য হাসিমুখে পরিশ্রম করতে থাকেন, প্রত্যেকের যাবতীয় খুঁটিনাটির দিকে নজর রাখেন। এতকিছু করে কি পান গৃহবধূরা? সাম্প্রতিক এক মামলার রায় দিতে গিয়ে গুরুত্বপূর্ণ এই বিষয়টি তুলে ধরেন। রায় দিতে গিয়ে আদালত সাফ জানিয়েছে, পরিবারের অর্থাৎ স্বামীর যাবতীয় সম্পত্তিতে সমান অধিকার থাকবে গৃহবধূর। কারণ এই সম্পত্তি অর্জনের ক্ষেত্রে তাদের পরোক্ষভাবে অবদান থাকে এবং সেই অবদান অনস্বীকার্য। খবর সংবাদ প্রতিদিনের এক দম্পতির বিবাদের মামলার রায় দিতে গিয়ে এ কথা জানিয়েছে মাদ্রাজ হাইকোর্ট। খবরে বলা হয়েছে, কান্নাইয়ান নায়ডু নামে এক ব্যক্তি তার স্ত্রীর বিরুদ্ধে মামলা করেছেন। ১৯৬৫ সালে তাদের



বিয়ে হয়। দীর্ঘদিন বিদেশে কর্মরত ছিলেন তিনি। সেই সময় দেশে থেকে সংসারের হাল ধরেন তার স্ত্রী। কিন্তু কান্নাইয়ানের অভিযোগ, তার উপার্জিত অর্থ দিয়ে যা সম্পত্তি কেনা হয়েছিল সেগুলো আত্মসাৎ করতে চাইছেন স্ত্রী। এমনকি সম্পত্তি হাতানোর জন্য অন্যান্যের সাহায্যও নিয়েছেন স্ত্রী। ২০০২ সালে দায়ের হওয়া এই মামলার শুনানিতে কান্নাইয়ানের স্ত্রী পালটা দাবি করেন, একা হাতে সংসারের দায়িত্ব পালন করতে গিয়ে তার ক্যারিয়ার গড়া সম্ভব হয়নি। উল্টো নিজের যাবতীয় গয়না ও সম্পত্তি বিক্রি করে দিয়ে স্বামীর বিদেশযাত্রার খরচ জোগাড় করেছেন। স্বামীর উপার্জিত অর্থের পাশাপাশি তিনি নিজেও সেলাইয়ের কাজ করে রোজগার করেছেন। দু'জনের সম্মিলিত অর্থ দিয়েই সংসারের সম্পত্তি কেনা হয়েছে। দু'পক্ষের বয়ান খতিয়ে দেখে মাদ্রাজ হাইকোর্ট রায় দেয়, সংসারের যাবতীয় সম্পত্তিতে সমান অধিকার রয়েছে গৃহবধূর। কারণ প্রত্যক্ষভাবে রোজগার না করলেও অর্থ উপার্জন করতে স্বামীকে সাহায্য করেন তারা। ছুটি না নিয়েই তারা অক্লান্ত পরিশ্রম করেন। এছাড়াও মনে করা হয় স্বামী ও স্ত্রী আসলে গাড়ির দুই চাকা। তাই সম্পত্তির অধিকারে দুই চাকারই সমান অধিকার থাকবে। আদালত আরও জানায়, গৃহবধূর অবদান প্রসঙ্গে আইনে কিছু লেখা নেই। তবে এই বিষয়ে আদালতের পর্যবেক্ষণ থাকতেই পারে। গৃহবধূদের ন্যায্য অধিকার থেকে কোনো আইনই বঞ্চিত করতে পারে না।

## ২৭ বার পরীক্ষা দিয়েও মিললো না ভর্তির সুযোগ

**আন্তর্জাতিক ডেস্ক :** একবার দু'বার নয়, বরং ২৭ বার চীনের কলেজ ভর্তি পরীক্ষা দিয়েছেন ৫৬ বছর বয়সী লিয়াং শি। তবে এবারও তিনি সেই পরীক্ষায় পাস করতে পারেননি। কোটিপতি এই ব্যবসায়ী এখন ভাবতে শুরু করেছেন, তিনি তার স্বপ্নের বিশ্ববিদ্যালয়ে হয়তো আর কখনও ভর্তি হতে পারবেন না। চীনের শীর্ষস্থানীয় সিচুয়ান বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চার দশকে কয়েক ডজন বার কঠিন 'গাওকাও' পরীক্ষা দিয়েছেন লিয়াং শি। লিয়াং তার 'বুদ্ধিজীবী' হওয়ার উচ্চাকাঙ্ক্ষা পূরণের আশাতেই ওই বিশ্ববিদ্যালয়ে ভর্তির চেষ্টা করেছিলেন। লিয়াং কারখানায় ছোট একটি চাকরি দিয়ে নিজের কর্মজীবন শুরু করেছিলেন। সেখান থেকে তিনি নির্মাণ সামগ্রীর ব্যবসা শুরু করেন। কঠোর পরিশ্রমের বদৌলতে লিয়াং এখন কোটিপতি। তবে কর্মব্যস্ততার কারণে বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাননি লিয়াং।

# বিনোদন

## 'প্রহেলিকা' দেখতে মুখিয়ে জয়া

**বিনোদন ডেস্ক :** ছবিটি মুক্তির আগে তো আসলে সেটি নিয়ে খুব বেশি প্রশংসার সুযোগ নেই। তবুও ছবিটির সূত্র ধরে পঞ্চমুখ হলেন দুই বাংলার প্রভাবশালী অভিনেত্রী জয়া আহসান। কারণ, এই ছবিটিকে ঘিরে তার প্রত্যাশা অনেক। গত রোববার রাতে জয়া একটি লম্বা ভিডিও বার্তা পাঠালেন। যেখানে কথা বললেন তার নাটক ও সিনেমার ক্যারিয়ারের গুরুত্বপূর্ণ সহকর্মী মাহফুজ আহমেদ প্রসঙ্গে। বলেছেন নাসিরউদ্দিন খান এমনকি শবনম বুবলী প্রসঙ্গেও। 'প্রহেলিকা' একটি ভালো ছবি হতে যাচ্ছে উল্লেখ করে জয়া বলেন, 'এতে অভিনয় করেছেন এমন একজন মানুষ, যাকে আমি সিনেমাতে সহশিল্পী হিসেবে পেয়েছি। যে সিনেমার জন্য আমি জাতীয় চলচ্চিত্র পুরস্কারও পেয়েছি। তিনি হলেন মাহফুজ আহমেদ। আমাদের সবার প্রিয় মাহফুজ আহমেদ। তখন থেকেই যাকে আমি বড় পর্দায় নিয়মিত দেখতে চাইছিলাম নিয়মিত।' মাঝে টানা ৮ বছরের বিরতির পর ফের বড় পর্দায় ফিরছেন মাহফুজ আহমেদ। সেটি দেখার জন্য মুখিয়ে আছেন উল্লেখ করে জয়া বলেন, ''মাহফুজসহ পুরো প্রহেলিকা টিমকে অভিনন্দন। 'মেঘের নৌকা' গানে শবনম বুবলী-মাহফুজ আহমেদের রোমান্টিক কম্বিনেশন দারুণ লেগেছে। গানের ভিজ্যুয়ালও খুবই সুন্দর।'' নির্মাতা চয়নিকা চৌধুরী, অভিনেতা নাসিরউদ্দিন খানসহ আরও যারা সংশ্লিষ্ট, তাদের জন্যেও শুভকামনা রেখেছেন জয়া আহসান। বলা দরকার, মাহফুজ আহমেদের মুক্তি পাওয়া শেষ সিনেমা 'জিরো ডিগ্রি'র নায়িকা ছিলেন জয়া আহসান। এটি নির্মাণ করেছিলেন অনিমেষ আইচ। এদিকে এরমধ্যেই ঈদে মুক্তিপ্রতিক্ষীত ছবিগুলোর মধ্যে আলাদা জায়গা তৈরি করে নিয়েছে মাহফুজ আহমেদের সিনেমা 'প্রহেলিকা'। ছবিটির দুই গান, ট্রেলার দেখে আগ্রহ জন্মেছে দর্শকমনে। 'প্রহেলিকা' প্রসঙ্গে মাহফুজ আহমেদের ভাষ্য এমন, 'ছবিটির গল্প আমরা বলবো না। এমনকি গল্পের ধারনাটিও প্রকাশ করতে চাই না। তবে এটুকু বলি, যে কোনো মানুষ সারাজীবন মনের মানুষকে খুঁজে ফেরে। সেটা শেষ পর্যন্ত পায় কিনা, এটা বড় একটা প্রশ্ন। ছবিটিতে সেই প্রশ্নের জবাব খোঁজার চেষ্টা করেছি আমরা।' উল্লেখ্য, 'প্রহেলিকা'য় মাহফুজ আহমেদ ও বুবলীর সঙ্গে আরও অভিনয় করেছেন নাসিরউদ্দিন খান, রাশেদ মামুন অপু, এ কে আজাদ সেতু প্রমুখ। সিনেমার গান লিখেছেন আসিফ ইকবাল। রঙ্গন মিউজিকের ব্যানারে এটি প্রযোজনা করেছেন জামাল হোসেন।



## সেঞ্চুরি হাঁকালো শাকিবের 'প্রিয়তমা'

**বিনোদন ডেস্ক :** ঈদে মুক্তি পেতে যাওয়া সিনেমাগুলোর মধ্যে 'প্রিয়তমা' ১০০ হল নিশ্চিত করে ধরে রাখলো দর্শক আগ্রহের শীর্ষস্থান! ছবির পরিচালক হিমেল আশরাফ সংবাদমাধ্যমকে জানান, গতকাল সোমবার দুপুর পর্যন্ত ১০০ এর বেশী হল চূড়ান্ত হয়েছে। এখনও ঈদের তিন দিন বাকি। হল আরও বাড়বে। এই ১০০ হলের মধ্যে সিনেপ্লেক্স, ব্লকবাস্টারসহ দেশের অন্যান্য মাল্টিপ্লেক্সগুলো রয়েছে উল্লেখ করে হিমেল আশরাফ বলেন, সিনেপ্লেক্সের সব শাখায় চলবে 'প্রিয়তমা'। শ্যামলী বাদে সারাদেশে যত ভালো এবং বড় বড় সিনেমা হল (সিঙ্গেল স্ক্রিন) রয়েছে সবখানে চলবে 'প্রিয়তমা'। তিনি বলেন, দেশে যদি ৫০০ হল থাকতো হয়তো তিনভাগের দুইভাগ হল আমরাই পেতাম। হল মালিক বুকিং এজেন্ট দর্শক সবার কাছে 'প্রিয়তমা'র চাহিদা এমনই! হল সংখ্যা আরও বাড়বে উল্লেখ করে হিমেল বলেন, হাই রেন্টাল দিয়ে প্রতিটি হলে আমরা ছবি দিচ্ছি। আমাদের পলিসিতে রাজি থাকলে আমরা ছবি দিচ্ছি।



## তাসনিয়া ফারিণের নতুন চরিত্র টমবয়

**বিনোদন ডেস্ক :** সময়ের অন্যতম জনপ্রিয় মুখ তাসনিয়া ফারিণকে এমনটা আগে দেখেনি, যেমনটা দেখা যাবে এই ঈদে। একেবারে মাস্তান গেটআপ, লুক ও অভিনয়ে হাজির হবে অভিনেত্রী। তার বিপরীতে একেবারে সহজ-সরল-ভীতু চরিত্রে অভিনয় করেছেন ফারহান আহমেদ জোভান। দুজনকে নিয়ে সিএমভি'র ব্যানারে বিশেষ নাটক রচনা ও নির্মাণ করেছেন মুহাম্মদ মিফতা আনান। নাটকটির নাম 'তোমার পিছু ছাড়বো না'। নির্মাতা জানান, কথায় আছে 'প্রেম অন্ধ'। তারই বাস্তব চিত্র দেখা যাবে এই নাটকে। 'তোমার পিছু ছাড়বো না'র গল্পের শুরুতে দেখা যাবে, রাস্তার পাশে একটা সহজ-সরল ছেলে বসে বসে কান্না করছে। ছেলেটার কান্না দেখে একটা টমবয় টাইপ মেয়ে এগিয়ে আসে। যার হাতে সিগারেট, বয়কাট চুল, পরনে শার্ট-প্যান্ট। তো ছেলেটার কাছে এসে মেয়েটা জিজ্ঞেস করে- কী হয়েছে তার, কেন কাঁদছে? এরপর ছেলেটা কাঁদতে কাঁদতে বলে, আমার একটা ব্যাগ ছিনতাই হয়েছে পাশের গলি থেকে। এই কথা শুনে মেয়েটা ছুটে যায়, উদ্ধার করে ব্যাগ। না, সরল ছেলেটা ব্যাগটা ফেরত দেয়না টমবয় মেয়েটা। বরং এখান থেকে শুরু হয় নাটকটির মূল গল্প।



## সমালোচনায় কান দিতে নারাজ মিথিলা

**বিনোদন ডেস্ক :** কিছুদিন ধরেই দুই বাংলার তারকা দম্পতি নির্মাতা সৃজিত মুখোপাধ্যায় এবং অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলার সংসার জীবনে ভাঙনের সুর নিয়ে গুঞ্জণ চলছে।

তাহসানের সঙ্গে বিচ্ছেদের কয়েক বছর পর সৃজিতের সঙ্গে ঘর বাঁধেন মিথিলা। তাও নাকি এখন বিচ্ছেদের পথে এমন অলোচনায় সৃজিত এবং মিথিলা কেউই এতদিন পর্যন্ত চুপই ছিলেন। বারবার যোগাযোগ করেও মিথিলা এই বিষয়ে সংবাদমাধ্যমকে কিছু জানাতে রাজি হননি। এদিকে নায়িকার মুখে কুলুপ এঁটে রাখা দেখে সংবাদমাধ্যমও একাধিক খবর প্রচার করা বন্ধ রাখেননি।

এবার বাড়াবাড়ি চরম পর্যায়ে পৌঁছতেই নীরবতা ভাঙলেন মিথিলা। বিচ্ছেদ নিয়ে এসব গুঞ্জনে একদমই মাথা ঘামান না জানিয়ে অভিনেত্রী বলেন, 'এসব মিথ্যা খবর আমি পাত্তাই দেই না, মাথা ঘামাই না। আমার সংসার-পরিবার, চাকরি, অভিনয়-এসব নিয়েই আমার দিনরাত্রি।' চলতি মাসের প্রথম দিকে মেয়ে আইরাকে নিয়ে সুইজারল্যান্ডে গিয়েছিলেন রাফিয়াত রশিদ মিথিলা। তখনই রটে যায় সৃজিতের সঙ্গে তার বিচ্ছেদ হয়ে যাচ্ছে।

## আন্তর্জাতিকভাবে আলো ছড়াচ্ছেন আরজে শান্ত

**বিনোদন ডেস্ক :** পুরো নাম মশিউর রহমান শান্ত হলেও আরজে শান্ত নামেই অধিক পরিচিত তিনি। জনপ্রিয় এ আরজে এখন দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিকভাবে আলো ছড়াচ্ছেন নিজের কাজের মাধ্যমে। ২০২৩ সালে ওয়ার্ল্ড ডিপ্লোম্যাসি ফোরামে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করেন তিনি। একই সঙ্গে জিতে নিয়েছেন ওয়ার্ল্ড ডিপ্লোম্যাসি ফোরাম এওয়ার্ড-২০২৩। থাইল্যান্ডের ব্যাংককে এক জমকালো আয়োজনের মধ্য দিয়ে তার হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়। ৬৪টি দেশ থেকে আগত প্রতিনিধিদের সঙ্গে নিয়ে ৩ দিনব্যাপী এ আয়োজন চলছে ব্যাংককের হোটেল অ্যাম্বাসাডরে। আরজে এবং লেখক শান্ত মূলত তার বিভিন্ন কাজের কারণে এরইমধ্যে বেশ সুপরিচিত। প্রতিভাবান এ তরুণের এরইমধ্যে ১৭টি বই প্রকাশ হয়েছে। এর বাইরেও বেশ কয়েকটি মিউজিক ভিডিও এবং নাটকে অভিনয় করেছেন তিনি। তবে বর্তমানে তিনি ব্যস্ত সময় কাটাচ্ছেন তার প্রতিষ্ঠান ভয়েজ ফ্যাক্টরি বাংলাদেশ এবং টার্নিং টকস বাংলাদেশ নিয়ে।

## 'বীরের বাবা-মা দুটোই আমি'

**বিনোদন ডেস্ক :** শাকিব খান অভিনয় করেছেন 'প্রিয়তমা' সিনেমায়। অন্যদিকে বুবলীর মুক্তি পাবে 'প্রহেলিকা' ও 'ক্যাসিনো' সিনেমা। শাকিব ও বুবলী প্রসঙ্গ আসলেই তাদের সংসার জীবনের বিষয়টি সামনে চলে আসে। ঢালিউডের আরেক নায়িকা অপু বিশ্বাসের মতো বুবলীকেও বিয়ে করে সেটি গোপন রাখার অভিযোগ ওঠে শাকিব খানের বিরুদ্ধে। পরে সেটি প্রকাশ্যে আসে। এখন অবশ্য তারা আর একসঙ্গে নেই। তবে দুই সংসারে শাকিবের রয়েছে দুটি পুত্র সন্তান। একজনের নাম আব্রাহাম খান জয়। আরেকজনের নাম শেহজাদ খান বীর। ঈদের মুক্তিপ্রতীক্ষিত সিনেমা নিয়ে সম্প্রতি একটি জাতীয় দৈনিকের সঙ্গে কথা হয় বুবলীর। সেখানেও ওঠে আসে পারিবারিক প্রসঙ্গ। শাকিব খানের সঙ্গে যোগাযোগ হয় কিনা এমন প্রশ্নে বুবলী বলেন, এ বিষয়ে আমি কথা বলতে চাই না। একদমই কথা বলতে চাই না। ঈদুল ফিতরে বীরকে নিয়ে শাকিব খানের সঙ্গে ঘুরে বেড়িয়েছেন এমন কথা পরবর্তীতে গণমাধ্যমে বলেন বুবলী। এবার ঈদে বীরকে নিয়ে তার বাবার বাসায় যাওয়া হবে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, বীরের বাবা আমি, মাও আমি। সবখানে আমাকেই বীরের বাবা ও মায়ের ভূমিকা পালন করতে হচ্ছে। বীর তো এখন বাবা-মায়ের সঙ্গেই আছে। ঈদেও থাকবে। এর বাইরে তেমন কিছু আর বলার নেই।

